দেশসেরা স্কুলের নির্বাচনি পরীক্ষার প্রশ্ন

# পৌরনীতি ও নাগরিকতা

মডেল টেস্ট- ০১

## বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ পাবলিক কলেজ, ঢাকা

**পৌরনীতি ও নাগরিকতা** (বহুনির্বাচনি অভীক্ষা)

বিষয় কোড | 1 | 4 | 0 |

সময়- ৩০ মিনিট

মান- ৩০

[**বি.দ্র. :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল বয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান- ১।]

১. **উর্দুকে পাকিস্তানের রাষ্ট্রভাষা করার প্রস্তাব প্রথম কত সালে হয়?**
K ১৯৪৫ L ১৯৪৭ M ১৯৪৮ N ১৯৫২

২. **৬ দফার প্রথম দফা কোনটি?**
K কর ও ট্যাক্স L স্বায়ত্তশাসন M মুদ্রা ব্যবস্থা N দেশরক্ষা ও প্রতিকার

৩. **জাতিসংঘের নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য সংখ্যা কত?**
K ১০ L ৫ M ৬ N ১৫

৪. **নিচের কোনটি আঞ্চলিক সংস্থা?**
K জাতিসংঘ L সার্ক M ওআইসি N কমনওয়েলথ

৫. **নাগরিকতার স্থানীয় বিষয় কোনটি?**
K পৌরসভা L আইনসভা M কমনওয়েলথ N সার্বভৌমত্ব

৬. **রাষ্ট্র পরিচালনার জন্য অপরিহার্য উপাদান কোনটি?**
K জনসমষ্টি L ভূখণ্ড M সরকার N সার্বভৌমত্ব

৭. **রাষ্ট্রের উৎপত্তিসংক্রান্ত সঠিক মতবাদের প্রবক্তা কে?**
K টি. এইচ. গ্রিন L ড. গার্নার M রুশো N উইলসন

৮. **নাগরিকতা অর্জনের ক্ষেত্রে কোনটি সর্বজনীন পদ্ধতি?**
K জন্মসূত্রে নাগরিকতা অর্জন L অনুমোদন সূত্রে নাগরিকতা অর্জন
M চুক্তির মাধ্যমে নাগরিকতা অর্জন N মানবিকতার ভিত্তিতে নাগরিকতা অর্জন

৯. **কোনটি রাষ্ট্র কর্তৃক প্রণয়ন করা হয় না?**
K সামাজিক অধিকার L রাজনৈতিক অধিকার
M অর্থনৈতিক অধিকার N নৈতিক অধিকার

১০. **মার্কিন যুক্তরাষ্ট্র অনুসরণ করে—**
i. জন্মনীতি ii. জন্মস্থান নীতি iii. অনুমোদন সূত্র
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১১. **'কমেনটরিজ অন দ্যা লজ অফ ইংল্যান্ড' গ্রন্থের রচয়িতা কে?**
K অধ্যাপক ডাইসি L প্লেটো M ব্ল্যাকস্টোন N অ্যারিস্টটল

১২. **'দ্যা ল অব দ্যা কনস্টিটিউশন' গ্রন্থের রচয়িতা কে?**
K রুশো L টমাস হবস M ব্ল্যাকস্টোন N অধ্যাপক ডাইসি

১৩. **রিমা এমবিবিএস পাস করে ডাক্তার হওয়ার ইচ্ছা পোষণ করে। রিমার ইচ্ছার বাস্তবায়ন করা কোন ধরনের স্বাধীনতা?**
K রাজনৈতিক স্বাধীনতা L ব্যক্তি স্বাধীনতা
M সামাজিক স্বাধীনতা N অর্থনৈতিক স্বাধীনতা

১৪. **কোন দেশে রাজনৈতিক দলের অস্তিত্ব নেই?**
K ভারত L সৌদি আরব M যুক্তরাষ্ট্র N নেপাল

১৫. **কোন রাষ্ট্রে নিয়মতান্ত্রিক রাজতন্ত্র প্রচলিত আছে?**
K যুক্তরাজ্যে L চীনে M ভারতে N কানাডায়

১৬. **'ক' রাষ্ট্রের মধ্যে 'খ' একটি আলাদা রাজ্য। 'খ' রাজ্য জনগণের চাহিদা অনুযায়ী ভিন্ন ভিন্ন আইন তৈরি করে। 'ক' রাষ্ট্রের সরকারব্যবস্থা কোন ধরনের?**
K এককেন্দ্রিক L একনায়কতান্ত্রিক M যুক্তরাষ্ট্রীয় N রাজতন্ত্র

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৭ ও ১৮ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
শিমুলদের দেশের সংবিধানে এ পর্যন্ত ১৭ বার সংশোধনী আনা হয়েছে। রাষ্ট্রপতি নির্বাচন, তত্ত্বাবধায়ক সরকার, সংসদে সংরক্ষিত মহিলা আসন, যুদ্ধাপরাধীদের বিচারসহ বিভিন্ন ধরনের সংশোধনী আনা হয়। এখানে একটি বিষয়ে একাধিকবারও সংশোধনী আনা হয়েছে।

১৭. **শিমুলদের দেশের সংবিধানের প্রথম সংশোধনীতে কী বলা হয়েছে?**
K রাষ্ট্রের মূলনীতি পরিবর্তন করা হয়
L জনগণের সরাসরি ভোটে রাষ্ট্রপতি নির্বাচনের বিধান করা হয়
M যুদ্ধাপরাধীদের বিচারের বিধান করা হয়
N বাংলাদেশের নাগরিকতা বাঙালি থেকে বাংলাদেশি করা হয়

১৮. **শিমুলদের দেশের সংবিধানের পঞ্চদশ সংশোধনীতে—**
i. তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বিলুপ্তকরণ
ii. রাষ্ট্রধর্ম ইসলাম করার পাশাপাশি সকল ধর্মচর্চার স্বাধীনতা নিশ্চিত করা হয়
iii. জাতীয় সংসদে মহিলাদের জন্য ৫০টি আসন সংরক্ষণের ব্যবস্থা করা হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৯. **সংবিধান অনুযায়ী বাংলাদেশের নির্বাহী প্রধান কে?**
K প্রধানমন্ত্রী L রাষ্ট্রপতি
M প্রধান বিচারপতি N প্রধান নির্বাচন কমিশনার

২০. **বাংলাদেশের আইন অনুযায়ী কোন ব্যক্তি একই সাথে সরকারের দুইটি বিভাগের সদস্য হতে পারেন?**
K রাষ্ট্রপতি L সচিব M বিচারপতি N জাতীয় সংসদ সদস্য

২১. **সরকারের কোন বিভাগ আইনের শাসন প্রতিষ্ঠা ও সংবিধানের অভিভাবকের দায়িত্ব পালন করে?**
K আইন বিভাগ L শাসন বিভাগ M বিচার বিভাগ N মন্ত্রিসভা

২২. **নিচের কোনটি সরকারের স্তম্ভ?**
K রাষ্ট্রপতি L প্রধানমন্ত্রী M স্পিকার N মন্ত্রিপরিষদ

২৩. **গণতন্ত্রে বিরোধী দল ভূমিকা রাখে—**
i. ছায়া সরকার হিসেবে ii. ত্রুটিবিচ্যুতি ধরিয়ে দিয়ে iii. সরকার পরিচালনা করে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৪. **জনমত গঠনের জন্য প্রয়োজন—**
i. সভা ii. মিছিল iii. কর্মসূচি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৫. **কতজন নিয়ে নির্বাচন কমিশন গঠিত?**
K ৪ L ৫ M ৬ N ৭

২৬. **স্থানীয় সরকারের সর্বনিম্ন স্তর কোনটি?**
K সিটি কর্পোরেশন L জেলা পরিষদ M উপজেলা পরিষদ N ইউনিয়ন পরিষদ

২৭. **বাংলাদেশের জাতীয় সংসদে জেলা পরিষদ আইন পাস হয় কত সালে?**
K ২০০০ L ২০০৩ M ২০০৫ N ২০১০

২৮. **কত সদস্যের অনাস্থা ভোটে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যরা অপসারিত হতে পারেন?**
K এক-তৃতীয়াংশ L দুই-তৃতীয়াংশ M এক-চতুর্থাংশ N এক-দ্বিতীয়াংশ

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
জনাব আলিম সাহেব দরিদ্র ঘরের সন্তান। বিশ্ববিদ্যালয়ে সর্বোচ্চ ডিগ্রি অর্জন করে বিভিন্ন প্রতিষ্ঠানে চাকরির চেষ্টা করেন। কিন্তু প্রচলিত মজুরিতে চাকরি লাভে ব্যর্থ হন।

২৯. **জনাব আলিম সাহেবের কর্মসংস্থানের ব্যর্থতা কোন ধরনের সমস্যাকে চিহ্নিত করে?**
K বেকারত্ব L বাস্তবমুখী M অর্থনৈতিক N জনসংখ্যা

৩০. **অনুচ্ছেদে বর্ণিত সমস্যা সমাধানে প্রয়োজন—**
i. শিক্ষার প্রসার ii. কর্মসংস্থান সৃষ্টি iii. দক্ষ জনশক্তি তৈরি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

**পৌরনীতি ও নাগরিকতা** (সৃজনশীল প্রশ্ন) বিষয় কোড | 1 | 4 | 0 |


সময়- ২ ঘণ্টা ৩০ মিনিট মান- ৭০

[**বি.দ্র. :** ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. রিয়াদ নবম শ্রেণির শিক্ষার্থী। তার প্রথম দিনের ক্লাসে শিক্ষক সুনাগরিকের গুণাবলি, নাগরিকের অধিকার ও কর্তব্য প্রভৃতির ওপর আলোচনা করছিলেন। ক্লাস শেষে রিয়াদের মনে হলো, একজন নাগরিক হিসেবে প্রত্যেকেরই এই বিষয়ে জ্ঞান থাকা দরকার।
   ক. একক পরিবার কাকে বলে? ১
   খ. রাষ্ট্রের গুরুত্বপূর্ণ উপাদান কী? ব্যাখ্যা করো। ২
   গ. উদ্দীপকের শিক্ষক কোন বিষয় পড়াচ্ছিলেন? ব্যাখ্যা করো। ৩
   ঘ. রিয়াদের মতো তুমিও কী মনে কর যে, নাগরিক হিসেবে প্রত্যেকেরই এই বিষয়ে জ্ঞান থাকা দরকার? মতামত দাও। ৪


২. ইমতিয়াজ উচ্চশিক্ষার জন্য যুক্তরাষ্ট্রে গমন করেন। শিক্ষা শেষ করে তিনি সে দেশের এক নাগরিককে বিবাহ করেন। তিনি যুক্তরাষ্ট্রে ব্যবসা শুরু করেন এবং নিয়মিত ও সময়মতো কর প্রদান করেন।
   ক. নাগরিকতা অর্জনের কয়টি পদ্ধতি রয়েছে? ১
   খ. দ্বৈত নাগরিকতা বলতে কী বোঝায়? ২
   গ. ইমতিয়াজ কোন সূত্রে যুক্তরাষ্ট্রের নাগরিকতা লাভ করেছেন? ব্যাখ্যা করো। ৩
   ঘ. "ইমতিয়াজের সময়মতো কর প্রদান সুনাগরিকের একটি বিশেষ গুণকে নির্দেশ করে"– উক্তিটি মূল্যায়ন করো। ৪

৩.




   ক. আইন সাধারণত কত প্রকার? ১
   খ. সাম্য বলতে কী বোঝায়? ২
   গ. প্রদত্ত ছকে যে বিষয়টি উপস্থাপিত হয়েছে তার স্বরূপ ব্যাখ্যা করো। ৩
   ঘ. "সাম্য মানেই স্বাধীনতা, স্বাধীনতা মানেই সাম্য" – প্রদত্ত ছকের আলোকে উক্তিটির যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৪.




   ক. চীন কোন ধরনের রাষ্ট্র? ১
   খ. সমাজতান্ত্রিক রাষ্ট্রের পরিচয় দাও। ২
   গ. ছকটিতে কোন রাষ্ট্রের কথা বলা হয়েছে? এর স্বরূপ উপস্থাপন করো। ৩
   ঘ. জনগণের কল্যাণই উক্ত রাষ্ট্রের প্রধান উদ্দেশ্য– তুমি কি একমত? যুক্তি দাও। ৪

৫. 'ক' রাষ্ট্রে যেসব মূলনীতি অনুসরণ করে রাষ্ট্র পরিচালিত হয় তা কোনো সনদ বা দলিলে লিখিত নেই। বরং ক্রমে ক্রমে গড়ে উঠেছে। দেশটিতে কোনো জটিল সমস্যা উপস্থিত হলে তা প্রচলিত প্রথা অনুযায়ী সমাধান করা হয়। অন্যদিকে 'খ' রাষ্ট্রের পরিচালনার নীতিমালা লিখিত আকারে সে দেশের আইন পরিষদ কর্তৃক প্রণীত। এই রাষ্ট্রে লিখিত নীতিমালা অনুসরণ করে যেকোনো সমস্যার সমাধান করা হয়।
   ক. বাংলাদেশের আইনসভার নাম কী? ১
   খ. "প্রধানমন্ত্রী রাষ্ট্রের শাসনব্যবস্থার মধ্যমণি"– ব্যাখ্যা করো। ২
   গ. 'ক' রাষ্ট্রের সংবিধান কোন পদ্ধতিতে প্রণীত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
   ঘ. 'খ' রাষ্ট্রের সংবিধান যুক্তরাষ্ট্রীয় সরকারের সফলতার পূর্বশর্ত– বিশ্লেষণ করো। ৪

৬. জনাব 'ক' একজন প্রধান প্রশাসনিক কর্মকর্তা হিসেবে চট্টগ্রাম বিভাগের একটি জেলায় একটি খেলার মাঠ এবং শিল্পকলা একাডেমির দুটি নতুন ভবন নির্মাণে সরকারি সহায়তা প্রদান করেন। অন্যদিকে জনাব 'খ' স্থানীয় উপজেলা প্রশাসনের প্রধান কর্মকর্তা হিসেবে ঐ জেলার আদর্শ কৃষকদের মাঝে বীজ, সার, কীটনাশক বিতরণের ব্যবস্থা করেন এবং জমির রাজস্ব সঠিকভাবে আদায় করেন। জনাব 'খ' তার সকল কাজের জন্য জনাব 'ক'-এর নিকট জবাবদিহি করেন।
   ক. যুদ্ধকালীন বাংলাদেশের প্রথম সরকার গঠিত হয় কবে? ১
   খ. প্রশাসনকে রাষ্ট্রের হৃৎপিণ্ড বলা হয় কেন? বুঝিয়ে লেখো। ২
   গ. জনাব 'ক' কোন প্রশাসনের প্রধান কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেন? ব্যাখ্যা করো। ৩
   ঘ. জনাব 'খ' সংশ্লিষ্ট কর্মকর্তা হিসেবে উদ্দীপকে বর্ণিত কাজগুলো ছাড়াও আরো অনেক গুরুত্বপূর্ণ কাজ করেন – তোমার মতামত দাও। ৪

৭. রহিম সাহেব 'ক' দলের একজন নিবেদিত কর্মী। তিনি এলাকার মানুষের সুখে-দুঃখে এগিয়ে আসেন এবং বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ডে অংশগ্রহণ করেন। জাতীয় নির্বাচনে তিনি 'ক' দলের প্রার্থী হন। তিনি নিজ দলের পক্ষে সভা-সমিতি ও বিভিন্ন কর্মসূচির মাধ্যমে জনমত গড়ে তোলেন। এলাকার জনগণ তাকে সৎ ও যোগ্য প্রার্থী হিসেবে নির্বাচিত করে। তার দলই সরকার গঠন করে।
   ক. ঐতিহাসিক ছয় দফা কর্মসূচি উত্থাপন করেন কে? ১
   খ. 'এক ব্যক্তি এক ভোট' বলতে কী বোঝায়? ২
   গ. রহিম সাহেব কোন পদ্ধতিতে নির্বাচিত হয়েছেন? ব্যাখ্যা করো। ৩
   ঘ. "'ক' দল শুধু সরকারই গঠন করে না, আরো বহুবিধ কাজ করে থাকে"– উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৮. বেগম কামরুন নাহার জাতীয় সংসদ নির্বাচনে তার এলাকা থেকে জনগণের ভোটে নির্বাচিত হওয়ার পর প্রথমে তিনি স্থানীয় ও জাতীয় নির্বাচনে সংরক্ষিত আসন ছাড়াও অন্যান্য আসনে নারীদের প্রতিযোগিতা করার জন্য অনুপ্রাণিত করেন। পরে তিনি একটি নারী শিক্ষা কেন্দ্র প্রতিষ্ঠা করেন। সেখানে নারীদের সেলাই শিক্ষা, বাঁশ ও বেতের কাজ, হাঁস-মুরগি পালন ও কম্পিউটার প্রশিক্ষণদানের ব্যবস্থা করেন। তিনি শিক্ষিত মেয়েদেরকে সরকারি-বেসরকারি চাকরিসহ যেকোনো পেশায় অংশগ্রহণে উদ্বুদ্ধ করেন।
   ক. ১৯৯৭ সালে প্রণীত আইনে ইউনিয়ন পরিষদে কতটি নারী সদস্যপদ সৃষ্টি করা হয়েছে? ১
   খ. নারীর ক্ষমতায়ন বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
   গ. বেগম কামরুন নাহারের প্রথম কাজটি নারীর কোন ধরনের ক্ষমতায়নকে নির্দেশ করছে? ব্যাখ্যা করো। ৩
   ঘ. "নারী শিক্ষাকেন্দ্রে গৃহীত পদক্ষেপসমূহ নারীদের স্বাবলম্বী করে তুলবে" – সপক্ষে যুক্তি দাও। ৪

৯. জলিল সাহেব টঙ্গীর তুরাগ নদীর পাশে ১০ বিঘা জমি ক্রয় করে তার কিছু অংশে ১টি ইটের ভাঁটা প্রস্তুত করেন আর বাকি অংশে ধান চাষ করেন। অধিক ফলনের আশায় তিনি জমিতে প্রচুর পরিমাণে সার ও কীটনাশক ব্যবহার করেন। ইটের ভাঁটার বর্জ্য পদার্থ এবং বৃষ্টির পানির সাথে সার ও কীটনাশক ধুয়ে তুরাগ নদীতে পড়ছে।
   ক. বাংলাদেশের নতুন জনসংখ্যানীতি গৃহীত হয় কত সালে? ১
   খ. রাজনৈতিক সন্ত্রাস কী? ব্যাখ্যা করো। ২
   গ. জলিল সাহেবের কর্মকাণ্ডের ফলে পরিবেশে কী ধরনের বিপর্যয় সৃষ্টি হচ্ছে? ব্যাখ্যা করো। ৩
   ঘ. "উক্ত সমস্যা সমাধানের জন্য সরকারি ও বেসরকারি উদ্যোগ যথেষ্ট"– উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

১০. রমজান সাহেবের স্ত্রী ও একমাত্র সন্তান মিশুকে নিয়ে তার পরিবার। তিনি মিশুকে উচ্চশিক্ষায় শিক্ষিত করে গড়ে তোলার জন্য একটি ভালো স্কুলে ভর্তি করেছেন এবং বাসায় ঠিকমতো পড়াশোনার তদারকি করেন। তার স্ত্রী ছেলেকে প্রতিদিন স্কুলে পৌঁছে দেন এবং ছুটি হলে সাথে করে বাসায় নিয়ে আসেন। তিনি ছুটির দিনে পরিবার-পরিজন নিয়ে বেড়াতে যান।
   ক. রাষ্ট্রের সর্বোচ্চ ক্ষমতা কী? ১
   খ. পরিবারের অর্থনৈতিক কাজ ব্যাখ্যা করো। ২
   গ. রমজান সাহেবের স্ত্রী পরিবারের কোন কাজটি সম্পন্ন করছেন? ব্যাখ্যা করো। ৩
   ঘ. রমজান সাহেবের ছুটির দিনে পরিবার-পরিজন নিয়ে বেড়ানোর যথার্থতা মূল্যায়ন করো। ৪

১১. স্বাধীনতা লাভের পরে ১৯৭২ সালের ২৮শে এপ্রিল বাংলাদেশ একটি সংস্থার সদস্যপদ লাভ করে। সংস্থাটির সদস্য সংখ্যা ৫৩। সদস্য রাষ্ট্রগুলোর কৃষি, শিক্ষা, স্বাস্থ্য ও প্রযুক্তির উন্নয়নে সংস্থাটি কাজ করে যাচ্ছে।
   ক. সার্কের প্রধান লক্ষ্য কয়টি? ১
   খ. জাতিসংঘ শান্তিরক্ষা বাহিনীতে অবদান রাখায় বাংলাদেশ কী অর্জন করেছে? ২
   গ. উদ্দীপকে কোন সংস্থার কথা বলা হয়েছে? উক্ত সংস্থার সাথে বাংলাদেশের সম্পর্ক ব্যাখ্যা করো। ৩
   ঘ. উদ্দীপকে উল্লিখিত সংস্থার সাথে সার্কের উদ্দেশ্যের তুলনামূলক আলোচনা করো। ৪

মডেল টেস্ট- ০২

# সফিউদ্দিন সরকার একাডেমি এন্ড কলেজ, গাজীপুর

## পৌরনীতি ও নাগরিকতা (বহুনির্বাচনি অভীক্ষা)

বিষয় কোড | 1 | 4 | 0 |

সময়- ৩০ মিনিট মান- ৩০

[বি.দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল বয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**১. বিশ্ব নেতৃবৃন্দ জাতিসংঘ প্রতিষ্ঠার প্রচেষ্টা হাতে নেয় কত সালে?**
K ১৯৪১ সালে L ১৯৪২ সালে
M ১৯৪৩ সালে N ১৯৪৫ সালে

**২. জাতিসংঘের বর্তমান মহাসচিব কোন দেশের অধিবাসী?**
K স্পেন L নরওয়ে M পর্তুগাল N নেপাল

**৩. জাতিসংঘের সকল সদস্য রাষ্ট্র কোন পরিষদের সদস্য?**
K সাধারণ পরিষদ L নিরাপত্তা পরিষদ
M অছি পরিষদ N আন্তর্জাতিক আদালত

**৪. আন্তর্জাতিক আদালত কতজন বিচারক নিয়ে গঠিত?**
K ২৫ জন L ১৫ জন M ১৮ জন N ২২ জন

**৫. বাংলাদেশ কতবার নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্যপদ লাভ করে?**
K ৪ বার L ৩ বার M ২ বার N ৬ বার

**৬. কমনওয়েলথ এর প্রধান লক্ষ্য কোনটি?**
i. ব্রিটেন ও স্বাধীন উপনিবেশগুলোর মধ্যে সম্পর্ক রক্ষা
ii. সদস্য রাষ্ট্রের আর্থসামাজিক উন্নয়ন
iii. শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তির আদানপ্রদান
**নিচের কোনটি সঠিক?**
K i L i ও ii M ii ও iii N i, ii ও iii

**৭. মুক্তিযুদ্ধে বিজয় লাভের কত দিনের মধ্যে ভারতীয় সৈন্যদের দেশে পাঠানো হয়?**
K ৩ মাস L ৪ মাস M ৫ মাস N ৬ মাস

**৮. মুক্তিবাহিনীর আরেকটি নাম কী ছিল?**
K কে-ফোর্স L এম-ফোর্স
M জেড-ফোর্স N মুক্তিফৌজ

**৯. কত নম্বর সেক্টরের কোনো আঞ্চলিক সীমানা ছিল না?**
K ২ নম্বর L ৩ নম্বর M ১০ নম্বর N ৪ নম্বর

**১০. ভারত বাংলাদেশকে কত তারিখে স্বীকৃতি দেয়?।**
K ৪ঠা ডিসেম্বর L ৫ই ডিসেম্বর
M ৬ই ডিসেম্বর N ৭ই ডিসেম্বর

**১১. ১৯৭১ সালের কত তারিখ থেকে পাকিস্তানি শাসকদের বিরুদ্ধে অসহযোগ আন্দোলন শুরু হয়?**
K ৪ঠা মার্চ L ৩রা মার্চ M ২রা মার্চ N ১লা মার্চ

**১২. শরীফ শিক্ষা কমিশন গঠিত হয় কত সালে?**
K ১৯৬৮ সালে L ১৯৬৯ সালে M ১৯৬২ সালে N ১৯৬৪ সালে

☐ **নিচের অংশটুকু পড়ো এবং ১৩ ও ১৪ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
রনির বাবা একজন রিকশাচালক। বাবার সাথে সে জামতলা বস্তিতে বসবাস করে। বস্তির বড়ো ভাই রনিকে কাজ দেওয়ার নামে তার সাথে সখ্যতা গড়ে তোলে এবং তাকে অনৈতিক কাজের সাথে জড়িয়ে ফেলে।

**১৩. রনির এ অবস্থার জন্য দায়ী কে?**
i. দরিদ্রতা ii. সচেতনতার অভাব iii. জনসংখ্যা বৃদ্ধি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১৪. রনির এ অবস্থা থেকে প্রতিকারের উপায়-**
i. পুলিশ প্রশাসনের পুনর্গঠন ii. মূল্যবোধের জাগরণ iii. গণসচেতনতা
**নিচের কোনটি সঠিক?**
K i L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১৫. ২০১১ সালের আদমশুমারি অনুযায়ী বাংলাদেশে জনসংখ্যা বৃদ্ধির হার কত?**
K ১.৩৭ L ১.৩৮ M ১.৩৯ N ১.৪০

**১৬. পাহাড়ি জনগোষ্ঠীর স্বতন্ত্র পরিচয়কে স্বীকৃতি দেওয়া হয় সংবিধানের কততম সংশোধনীতে?**
K একাদশ সংশোধনীতে L দশম সংশোধনীতে
M পঞ্চম সংশোধনীতে N নবম সংশোধনীতে

**১৭. গ্রাম আদালতের সদস্য কত জন?**
K ৫ জন L ৬ জন M ৭ জন N ৮ জন

**১৮. জেলা পরিষদ আইন বিলুপ্ত হয় কত সালে?**
K ১৯৯০ সালে L ১৯৯১ সালে M ১৯৯২ সালে N ১৯৯৩ সালে

**১৯. সুপ্রিম কোর্টের বিচারকগণ কত বছর পূর্ণ হওয়া পর্যন্ত স্থায়ী পদে বহাল থাকে?**
K ৮০ বছর L ৬০ বছর M ৬৭ বছর N ৬৫ বছর

**২০. সচিবালয়ের প্রশাসনিক কাঠামোর ৪র্থ স্তরে রয়েছে কোন ব্যক্তি?**
K মন্ত্রী L সচিব M অতিরিক্ত সচিব N যুগ্মসচিব

**২১. সংবিধানের ত্রয়োদশ সংশোধনী হয় কত সালে?**
K ১৯৯৬ সালে L ১৯৯৭ সালে M ১৯৯৮ সালে N ২০০০ সালে

**২২. বাংলাদেশ সংবিধানের তপশিল কয়টি?**
K ৮টি L ৭টি M ৬টি N ৫টি

**২৩. নিচের কোন সংবিধান দুষ্পরিবর্তনীয়?**
K মার্কিন যুক্তরাষ্ট্র L নেপাল M ভুটান N শ্রীলঙ্কা

**২৪. ক্রমবিবর্তনের মাধ্যমে তৈরি হয়েছে কোন সংবিধান?**
K ব্রিটিশ সংবিধান L বাংলাদেশের সংবিধান
M জাপানের সংবিধান N ভারতের সংবিধান

**২৫. এককেন্দ্রিক সরকার রয়েছে কোন দেশটিতে?**
K নেপালে L ডেনমার্কে M জাপানে N সুইডেনে

**২৬. রাজতন্ত্র কয় প্রকার?**
K ২ প্রকার L ৩ প্রকার M ৪ প্রকার N ৫ প্রকার

**২৭. বৈধ পেশা গ্রহণ কোন ধরনের সাম্য?**
K অর্থনৈতিক সাম্য L সামাজিক সাম্য
M রাজনৈতিক সাম্য N আইনগত সাম্য

**২৮. ব্যক্তি স্বাধীনতা কোনটি?**
K পেশা গ্রহণ L জীবন রক্ষা M সম্পত্তি রক্ষা N ধর্মচর্চা করা

**২৯. 'The Law of the Constitution' বইটি কার লেখা?**
K প্লেটো L জন লক M টমাস হবস N অধ্যাপক ডাইসি

**৩০. আইনের উৎসের ভিত্তিতে আইন কয় প্রকার?**
K ৫ প্রকার L ৬ প্রকার M ৭ প্রকার N ৪ প্রকার

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, মোমেনশাহী

## পৌরনীতি ও নাগরিকতা (সৃজনশীল প্রশ্ন)

বিষয় কোড | 1 | 4 | 0 |

সময়- ২ ঘণ্টা ৩০ মিনিট　　　　মান- ৭০

[**বি.দ্র. :** ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. সুমন সাহেব একজন উচ্চপদস্থ কর্মকর্তা। তিনি রাষ্ট্রের সমস্যাগুলো সমাধানের জন্য গুরুত্ব দিয়ে কাজ করেন। সুমন সাহেবের নিকট থেকে সুবিধা আদায়ের জন্য জনাব রিপন বড়ো অঙ্কের টাকা ঘুস দিতে চাইলে সুমন সাহেব তা প্রত্যাখ্যান করেন।

ক. কখন তথ্য অধিকার আইন পাস হয়? ১
খ. নৈতিক অধিকার বলতে কী বোঝায়? ২
গ. সুমন সাহেবের কাজটির মাধ্যমে নাগরিকের কোন গুণটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. রিপন সাহেবের কাজটি সুনাগরিকতার প্রতিবন্ধক– মূল্যায়ন করো। ৪


২. করিম দুই বছর আগে মার্কিন যুক্তরাষ্ট্রে যায়। তারপর সে সরকারের কাছে তার নাগরিকতার জন্য আবেদন জানায়। এর কিছুদিন পর সে সেখানে বিয়ে করে এবং সেখানে তাদের একটি সন্তান হয়। তার সন্তানটিও ওই দেশের নাগরিকত্ব পায়।

ক. প্রাচীন গ্রিসের ছোটো ছোটো রাষ্ট্রগুলোকে কী বলা হতো? ১
খ. নাগরিকতা বলতে কী বোঝায়? ২
গ. করিম ও তার সন্তানের মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব লাভের মধ্যে পার্থক্য কী? ব্যাখ্যা করো। ৩
ঘ. করিমের সন্তান ও স্ত্রী বাংলাদেশের নাগরিকত্ব পাবে কি না মতামত দাও। ৪

৩. জনাব সাহেদ একজন শিক্ষিত এবং সচেতন ব্যক্তি। তিনি একজন সচেতন নাগরিক হিসেবে সবসময় আইন মান্য করে চলেন এবং আইনের বৈশিষ্ট্য ও উৎস সম্পর্কে জ্ঞান রাখেন। তিনি বিশ্বাস করেন, আইনের অনুশাসন স্বাধীনতা ও সাম্যের সংরক্ষণ।

ক. আইন ও স্বাধীনতা সম্পর্কে উইলোবির মতবাদ কী? ১
খ. আইন স্বাধীনতাকে সম্প্রসারিত করে– ব্যাখ্যা করো। ২
গ. জনাব সাহেদের আইনের অনুশাসন মেনে চলার পিছনে কী কী ধারণা কাজ করছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত স্বাধীনতা ও সাম্যের সম্পর্ক বিশ্লেষণ করো। ৪

৪.





ক. কোন সরকার ব্যবস্থায় মন্ত্রীগণ আইনসভার সদস্য নন? ১
খ. একনায়কতন্ত্র বিশ্বশান্তির বিরোধী– ব্যাখ্যা করো। ২
গ. ছকের '?' চিহ্নিত স্থান কোন ধরনের রাষ্ট্রকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উক্ত রাষ্ট্রের সমস্যাসমূহ নিরূপণ করো। ৪

৫. সুমন একজন সিএনজি টেক্সি চালক। সে সমমনা বন্ধুদের নিয়ে একটি বহুমুখী সমবায় সমিতি গঠন করেছে। সমিতির সদস্যদের মতামতের ভিত্তিতে তৈরি করা হয়েছে সমিতির নিয়মকানুনগুলো। সমিতির নিয়মকানুনগুলো প্রণয়নের ক্ষেত্রে তারা দেশের বিদ্যমান আইন-কানুনগুলো অনুসরণ করেছে।

ক. বাংলাদেশের আইনসভা কয় কক্ষবিশিষ্ট? ১
খ. অলিখিত সংবিধান কাকে বলা হয়? ২
গ. সুমনদের সমিতির নিয়মকানুনগুলো কোন পদ্ধতিতে প্রণীত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. "সুমনদের সমিতির নিয়মকানুন এবং তাদের দেশের নিয়ম-কানুন তৈরি পদ্ধতি অভিন্ন"– তুমি কী উক্তিটির সাথে একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬.




ক. বাংলাদেশের সরকার প্রধান কে? ১
খ. আইনসভা কীভাবে শাসন বিভাগকে নিয়ন্ত্রণ করে? ব্যাখ্যা করো। ২
গ. প্রশ্নবোধক '?' চিহ্নিত স্থানে দায়িত্ব পালনকারী ব্যক্তির পদমর্যাদা কী? তাঁর উন্নয়মূলক কাজগুলো ব্যাখ্যা করো। ৩
ঘ. উন্নয়নমূলক কাজগুলোই কি তার একমাত্র কাজ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৭. আসিফের দাদু একজন অবসরপ্রাপ্ত বিচারক। একদিন সে একটি বিষয় সম্পর্কে পড়ছিল। এমন সময় তার দাদু ঘরে এলে সে দাদুর কাছে বিষয়টি সম্পর্কে জানতে চাইলে তিনি বললেন, এর মাধ্যমে নাগরিকগণ ভোটাধিকার প্রয়োগ করে। এটি পরিচালনার জন্য বাংলাদেশে সাংবিধানিকভাবে গঠিত একটি প্রতিষ্ঠান রয়েছে।

ক. বর্তমানে ভোট প্রদানের কয়টি পদ্ধতি রয়েছে? ১
খ. নির্বাচন বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে পৌরনীতি ও নাগরিকতার কোন বিষয়ের কথা বলা হয়েছে? বর্ণনা করো। ৩
ঘ. আসিফের দাদুর উল্লিখিত প্রতিষ্ঠানটির কার্যক্রম বিশ্লেষণ করো। ৪

৮. জনাব রেজাউল করিম একটি স্থানীয় সরকারব্যবস্থার প্রধান। তার অধীনে রয়েছে নয়জন পুরুষ সদস্য এবং তিন জন মহিলা সদস্য। তারা এলাকার উন্নয়ন, শান্তি-শৃঙ্খলা রক্ষার কাজ করে থাকেন।

ক. বাংলাদেশে কয়টি সিটি কর্পোরেশন আছে? ১
খ. নারীর ক্ষমতায়ন বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. জনাব রেজাউল করিম কোন ধরনের স্থানীয় সরকারব্যবস্থার প্রধান? এর গঠনপ্রণালি বর্ণনা করো। ৩
ঘ. এলাকার উন্নয়নে জনাব রেজাউল করিমের কাজের ধরন বিশ্লেষণ করো। ৪

৯. রুমা ও রুবেল দুই ভাই-বোন পড়ালেখায় বেশ ভালো। দুজনেই বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পায়। কিন্তু রুমার বাবা-মা রুমাকে ভর্তি না করে এক লোভী ছেলের সাথে বিয়ে দেয়। সে যৌতুকের জন্য রুমাকে নির্যাতন করত। রুমা সহ্য করতে না পেরে আইনের আশ্রয় নেয় এবং স্বামীকে পুলিশে ধরিয়ে দেয়।

ক. বাংলাদেশে কত সাল থেকে স্বাক্ষরতা আন্দোলন শুরু হয়? ১
খ. নিরক্ষরতা বলতে কী বোঝায়? ২
গ. রুমার জীবনে ঘটে যাওয়া ঘটনাগুলো নারী নির্যাতনের অন্তর্ভুক্ত কি না ব্যাখ্যা করো। ৩
ঘ. রুমার নেওয়া পদক্ষেপ ছাড়া আর কী কী পদক্ষেপ নারী নির্যাতন প্রতিরোধ করতে পারে বলে তুমি মনে কর? যুক্তি দেখাও। ৪

১০. রিফাত রিকশায় চড়ে ঢাকা মেডিক্যাল কলেজ এলাকা দিয়ে যাচ্ছিল। সে দেখল, মানুষ দলে দলে শহিদ মিনারে ফুল দিয়ে শ্রদ্ধা জানাচ্ছে। একজন ঘোষক মাইকে বক্তব্য দিচ্ছেন। তিনি বলছেন, "এ আন্দোলন বাংলার পরবর্তী আন্দোলনগুলোর পথপ্রদর্শক।"

ক. লাহোর প্রস্তাব কে উত্থাপন করেন? ১
খ. দ্বি-জাতি তত্ত্ব কী? ব্যাখ্যা করো। ২
গ. রিফাতের দেখা ঘটনাটি বাংলার কোন আন্দোলনকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. মাইকে ঘোষক যে বক্তব্য দিচ্ছেন, তার যথার্থতা বিশ্লেষণ করো। ৪

১১. জিহাদ একজন বিখ্যাত রাজনীতিবিদের জীবনী পড়ছিল। যিনি **১৯৬৬** সালে পাকিস্তানের লাহোরে বিরোধী দলের কনভেনশনে কয়েক দফা দাবি সংবলিত কর্মসূচি উত্থাপন করেন। এর কর্মসূচি ছিল বাংলার মুক্তির সনদ।

ক. ঐতিহাসিক লাহোর প্রস্তাব কী নামে পরিচিত? ১
খ. **২৫**শে মার্চকে ইতিহাসের কালরাত্রি হিসেবে অভিহিত করা হয় কেন? ২
গ. উদ্দীপকে কোন ঐতিহাসিক কর্মসূচির প্রতি ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. "উক্ত কর্মসূচি ছিল বাংলার মুক্তির সনদ"- বক্তব্যটি বিশ্লেষণ করো। ৪

**মডেল টেস্ট- ০৩**

# রাজশাহী বিশ্ববিদ্যালয় স্কুল

## পৌরনীতি ও নাগরিকতা (বহুনির্বাচনি অভীক্ষা)

বিষয় কোড | 1 | 4 | 0 |

সময়- ৩০ মিনিট　　　　মান- ৩০

[**বি.দ্র. :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল বয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান- ১।]

□ **নিচের অনুচ্ছেদটি পড়ে ১ ও ২ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
সম্প্রতি বাংলাদেশ 'ক' নামক একটি আদালতের মাধ্যমে বন্ধুত্বপূর্ণ অবস্থানের ভিত্তিতে মিয়ানমারের সাথে সমুদ্র সীমানাসংক্রান্ত সমস্যার মীমাংসা করে।

**১. বাংলাদেশ কোন আইনের মাধ্যমে উক্ত সমস্যার মীমাংসা করে?**
K সরকারি　L বেসরকারি　M সাংবিধানিক　N আন্তর্জাতিক

**২. উক্ত আইনের সঠিক প্রয়োগের ফলে-**
K এক রাষ্ট্র অন্য রাষ্ট্রের সাথে ভালো আচরণ করে
L রাষ্ট্রের সাথে ব্যক্তির সম্পর্ক বজায় থাকে
M বিভিন্ন রাষ্ট্র সঠিকভাবে প্রশাসন পরিচালনা করে
N বিচার বিভাগের স্বাধীনতা সুরক্ষিত হয়

**৩. প্রাচীন গ্রিসে নগর-রাষ্ট্রের নাগরিক ছিল না—**
i. নারীরা　ii. বিদেশিরা　iii. গৃহভৃত্যরা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii　L i ও iii　M ii ও iii　N i, ii ও iii

**৪. বুদ্ধি, বিবেক, আত্মসংযম কার গুণাবলি?**
K নাগরিক　L বিদেশি　M সুনাগরিক　N প্রবীণ নাগরিক

□ **নিচের অনুচ্ছেদটি পড়ে ৫ ও ৬ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
বাংলাদেশের ফারুক সাহেব দীর্ঘদিন যাবৎ স্ত্রীসহ যুক্তরাষ্ট্রে বসবাস করেছেন। সেখানে তাদের একটি সন্তান জন্মগ্রহণ করেছে।

**৫. ফারুক সাহেবের সন্তান কোন পদ্ধতিতে বাংলাদেশের নাগরিকত্ব লাভ করে?**
K জন্মনীতি　L জন্মস্থান নীতি　M অনুমোদন সূত্রে　N মানবিক কারণে

**৬. ফারুক সাহেবের সন্তানের ক্ষেত্রে প্রযোজ্য—**
i. দ্বৈত নাগরিকতার সৃষ্টি হবে
ii. আজীবন উভয় দেশের নাগরিকতা থাকবে
iii. পূর্ণবয়স্ক হলে যেকোনো একটি রাষ্ট্রের নাগরিক হতে হবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii　L i ও iii　M ii ও iii　N i, ii ও iii

**৭. স্থানীয় প্রশাসন কার সহযোগী হিসেবে কাজ করে?**
K রাজনৈতিক দল　L স্থানীয় স্বায়ত্তশাসিত সরকার
M চাপসৃষ্টিকারী গোষ্ঠী　N সামরিক সরকার

**৮. কোনটি শহর এলাকার স্থানীয় সরকার কাঠামো?**
K ইউনিয়ন পরিষদ　L উপজেলা পরিষদ　M গ্রাম পরিষদ　N পৌরসভা

**৯. কোন এলাকার জন্য বিশেষ স্থানীয় সরকারব্যবস্থা রয়েছে?**
K বরিশাল　L রংপুর　M ঢাকা　N পার্বত্য চট্টগ্রাম

**১০. কেন্দ্রীয় সরকারের সাথে সম্পর্কের ভিত্তিতে স্থানীয় সরকারের কয়টি রূপ?**
K একটি　L দুইটি　M তিনটি　N চারটি

**১১. রাষ্ট্র গঠনের সবচেয়ে গুরুত্বপূর্ণ ও অত্যাবশ্যকীয় উপাদান কোনটি?**
K জনসমষ্টি　L নির্দিষ্ট ভূখণ্ড　M সরকার　N সার্বভৌমত্ব

□ **নিচের অনুচ্ছেদটি পড়ে ১২ ও ১৩ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
নুরজাহান বেগম অবসর সময়ে বাঁশের ঝুড়ি তৈরি করে বাজারে বিক্রি করেন। এ কাজে তার ভালো লাভ হয়। জামিলা তার কাছে ঝুড়ি তৈরি করা শিখে নিজের পরিবারের ব্যবহারের জন্য ঝুড়ি তৈরি করেন।

**১২. নুরজাহান বেগমের কাজটি পরিবারের কোন ধরনের কাজ?**
K শিক্ষামূলক　L বিনোদনমূলক　M অর্থনৈতিক　N মনস্তাত্ত্বিক

**১৩. প্রাচীন গ্রিসে নাগরিক ও নগর-রাষ্ট্রের মধ্যে সম্পর্ক কেমন ছিল?**
K পরিপূরক　L বিনোদনমূলক　M অর্থনৈতিক　N মনস্তাত্ত্বিক

**১৪. গণতন্ত্রের সাফল্যের জন্য প্রয়োজন—**
i. দক্ষ প্রশাসন　ii. মুক্ত গণমাধ্যম　iii. নিয়ন্ত্রিত গণমাধ্যম
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii　L i ও iii　M ii ও iii　N i, ii ও iii

**১৫. সংসদীয় পদ্ধতির সরকারব্যবস্থায় দেশের প্রকৃত শাসন ক্ষমতা ন্যস্ত থাকে—**
i. প্রধানমন্ত্রীর হাতে　ii. মন্ত্রিসভার হাতে　iii. রাষ্ট্রপতির হাতে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii　L i ও iii　M ii ও iii　N i, ii ও iii

**১৬. ক্ষমতার উৎসের ভিত্তিতে গঠিত রাষ্ট্রব্যবস্থা কোনটি?**
K সমাজতান্ত্রিক　L পুঁজিবাদী　M রাজতান্ত্রিক　N গণতান্ত্রিক

**১৭. ব্যক্তি স্বাধীনতা রক্ষাকারী রাষ্ট্রব্যবস্থা কোনটি?**
K গণতান্ত্রিক　L পুঁজিবাদী　M একনায়কতান্ত্রিক　N গণতান্ত্রিক

**১৮. প্রধানমন্ত্রী ও প্রধান বিচারপতি নিয়োগের ক্ষেত্র ব্যতীত রাষ্ট্রপতি তার সকল দায়িত্ব কার পরামর্শ অনুযায়ী পরিচালনা করেন?**
K স্পিকার　L মন্ত্রী　M প্রধানমন্ত্রী　N অ্যাটর্নি জেনারেল

**১৯. বাংলাদেশে বর্তমানে কোন পদ্ধতির সরকারব্যবস্থা চালু রয়েছে?**
K একনায়কতান্ত্রিক　L যুক্তরাষ্ট্রীয়　M সংসদীয়　N রাষ্ট্রপতি শাসিত

□ **নিচের অনুচ্ছেদটি পড়ে ২০ ও ২১ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
ছোটো রিয়া বাবার সাথে টিভির খবর দেখছিল। সে দেখলো দুজন ব্যক্তি পাশাপাশি দাঁড়িয়ে। হাতে বই নিয়ে একজন পাঠ করেছেন, অন্যজন শুনে শুনে বলেছেন। রিমা বাবাকে জিজ্ঞেস করলে বাবা বললেন, শাসন বিভাগের সর্বোচ্চ সম্মানিত ব্যক্তি বিচার বিভাগের প্রধানকে শপথ বাক্য পাঠ করাচ্ছেন।

**২০. রিমার বাবা শাসন বিভাগের সর্বোচ্চ সম্মানিত ব্যক্তি দ্বারা কাকে বোঝাচ্ছেন?**
K প্রধানমন্ত্রীকে　L রাষ্ট্রপতিকে　M সচিবকে　N মহাপরিচালককে

**২১. যিনি শাসন বিভাগের সর্বোচ্চ সম্মানিত ব্যক্তি তিনি—**
i. সংসদ সদস্যদের দ্বারা নির্বাচিত হয়েছেন　ii. পাঁচ বছরের জন্য দায়িত্বপ্রাপ্ত হয়েছেন
iii. দেশের প্রকৃত শাসন ক্ষমতার অধিকারী
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii　L i ও iii　M ii ও iii　N i, ii ও iii

**২২. বাংলাদেশ সংবিধানের চতুর্থ সংশোধনীর প্রধান বৈশিষ্ট্য কী?**
K রাষ্ট্রপতিশাসিত সরকারব্যবস্থা প্রবর্তন　L রাষ্ট্রীয় মূলনীতির পরিবর্তন
M সংসদীয় সরকারব্যবস্থা পুনঃপ্রবর্তন　N তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বিলুপ্তকরণ

**২৩. জাতীয় সংসদে মহিলাদের জন্য সংরক্ষিত আসন কতটি?**
K ১৫　L ৫০　M ৩০০　N ৩৫০

**২৪. নিরক্ষরতাজনিত সমস্যা কোনটি?**
K খাদ্য সমস্যা　L পুষ্টিহীনতা　M সচেতনতার অভাব　N বস্ত্র সমস্যা

**২৫. খাল-বিল, নদী-নালা ভরাট হওয়ার কারণ কোনটি?**
K দারিদ্র্য　L নিরক্ষরতা　M বনভূমি　N অতিরিক্ত জনসংখ্যা

**২৬. কত সালে শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করা হয়?**
K ১৯৬৮ সালে　L ১৯৬৯ সালে　M ১৯৭০ সালে　N ১৯৭১ সালে

**২৭. দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর বিশ্বশান্তি প্রতিষ্ঠায় কোন সংস্থাটি প্রতিষ্ঠা করা হয়?**
K জাতিপুঞ্জ　L জাতিসংঘ　M কমনওয়েলথ　N ওআইসি

□ **নিচের অনুচ্ছেদটি পড়ে ২৮ ও ২৯ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
'ক' অঞ্চলের মুখ্যমন্ত্রী ১৯৪০ সালের ২৩শে মার্চ তার সম্প্রদায়ের স্বার্থসংবলিত একটি প্রস্তাব উপস্থাপন করেন। জিন্নাহর সভাপতিত্বে সভায় প্রস্তাবটি গৃহীত হয়।

**২৮. অনুচ্ছেদে মুখ্যমন্ত্রী বলতে কাকে বোঝানো হয়েছে?**
K এ. কে. ফজলুল হককে　L হোসেন শহীদ সোহরাওয়ার্দীকে
M বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে　N খাজা নাজিমুদ্দীনকে

**২৯.** অনুচ্ছেদে উল্লিখিত প্রস্তাবটি—
i. লাহোর প্রস্তাব নামে পরিচিত　ii. এটি ছিল পাকিস্তান প্রতিষ্ঠার মূলভিত্তি
iii. এ প্রস্তাবের মধ্যেই বাংলাদেশ প্রতিষ্ঠার ইঙ্গিত ছিল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii　L i ও iii　M ii ও iii　N i, ii ও iii

**৩০. ১৯৫৪ সালের নির্বাচনের সময় কোন দল পাকিস্তানের ক্ষমতায় ছিল?**
K আওয়ামী লীগ　L মুসলিম লীগ
M জামায়াতে ইসলামী　N পাকিস্তান পিপলস পার্টি

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# নাটোর সরকারি বালক উচ্চ বিদ্যালয়

## পৌরনীতি ও নাগরিকতা (সৃজনশীল প্রশ্ন)

বিষয় কোড | 1 | 4 | 0 |

সময়- ২ ঘণ্টা ৩০ মিনিট
মান- ৭০

[**বি.দ্র. :** ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. হিমেল একজন শিক্ষক। তিনি তার ছাত্রদের অধিকার ও কর্তব্য সম্পর্কে জ্ঞান অর্জনের জন্য একটি নির্দিষ্ট বিষয়ে শিক্ষার ওপর গুরুত্ব আরোপ করেন। উক্ত বিষয়টি জনগণকে সুনাগরিক হিসেবে গড়ে তুলতে সাহায্য করে।
ক. অধিকার কী? ১
খ. কর্তব্য বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে বর্ণিত হিমেল তার ছাত্রদের কোন বিষয়ে জ্ঞান অর্জনের প্রতি গুরুত্ব আরোপ করেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত বিষয়টি নাগরিকের স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক বিষয় নিয়েও আলোচনা করে– বিশ্লেষণ করো। ৪

২. নিহাল দুই বছর আগে মার্কিন যুক্তরাষ্ট্রে যায়। তারপর সে সরকারের কাছে তার নাগরিকতার জন্য আবেদন করে এবং কিছু শর্তসাপেক্ষে সে নাগরিকতা পেয়ে যায়। এর কিছুদিন পর সে সেখানে বিয়ে করে এবং সেখানে তাদের একটি বাচ্চা হয়। তার বাচ্চাটিও ঐ দেশের নাগরিকত্ব পায়।
ক. তথ্য অধিকার অর্থ কী? ১
খ. বুদ্ধিমান নাগরিককে শ্রেষ্ঠ সম্পদ বলা হয় কেন? ২
গ. নিহাল ও তার বাচ্চার মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিকতা লাভের মধ্যে পার্থক্য কী? ব্যাখ্যা করো। ৩
ঘ. নিহালের বাচ্চাটি বাংলাদেশের নাগরিকত্ব পাবে কী? মতামত দাও। ৪

৩. 'ক' রাষ্ট্রের জনগণ নিজের ইচ্ছা অনুযায়ী যেকোনো কাজ করতে পারে। জনগণ তাদের ইচ্ছানুযায়ী ঈদ ও পূজা-পার্বণ উদ্‌যাপন করে। অন্যদিকে 'খ' রাষ্ট্রের জনগণ সমানভাবে কাজ করার সুযোগ পায়। বিশেষ কোনো ব্যক্তি বা শ্রেণিকে গুরুত্ব দেওয়া হয় না।
ক. আইনের শাসনের মূলকথা কী? ১
খ. ধর্মকে আইনের অন্যতম উৎস বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে বর্ণিত 'ক' রাষ্ট্রের জনগণ কোন ধরনের স্বাধীনতা ভোগ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের 'ক' রাষ্ট্র ও 'খ' রাষ্ট্রে উল্লিখিত বিষয়ের মধ্যে সম্পর্ক বিশ্লেষণ করো। ৪

৪. 'X' রাষ্ট্রে জনগণের মত প্রকাশ ও সরকারের সমালোচনা করার সুযোগ আছে। রাষ্ট্রের শাসন ক্ষমতা জনগণের হাতে ন্যস্ত। নাগরিক অধিকার ও আইনের শাসনকে গুরুত্ব দেওয়া হয়। অপরদিকে 'Y' রাষ্ট্রটি পরিচালনায় জনগণের কোনো ভূমিকা থাকে না। সরকারই রাষ্ট্রের সর্বময় ক্ষমতার অধিকারী।
ক. কল্যাণ রাষ্ট্র কী? ১
খ. এককেন্দ্রিক সরকার বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে বর্ণিত 'X' রাষ্ট্রটি কোন ধরনের রাষ্ট্রব্যবস্থা? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত রাষ্ট্রগুলোর মধ্যে কোনটি জনকল্যাণমূলক রাষ্ট্র? যুক্তি দাও। ৪

৫. 'ক' রাষ্ট্রের সংবিধানের ভাষা সহজ ও সরল। ফলে এটি সকলের নিকট সুস্পষ্ট ও বোধগম্য। এখানে মৌলিক অধিকারের ওপর গুরুত্ব আরোপ করা হয় এবং রাষ্ট্র পরিচালনার জন্য কিছু মূলনীতি রাখা হয়।
ক. সংবিধান কী? ১
খ. লিখিত সংবিধান বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে বর্ণিত 'ক' রাষ্ট্রের সংবিধানের সাথে বাংলাদেশ সংবিধানের সাদৃশ্য আছে কি? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত সংবিধান একটি উত্তম সংবিধান – উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৬. **নিচের উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নগুলোর উত্তর দাও :**

| জনাব- X | জনাব- Y |
|---|---|
| জাতীয় সংসদের অধিবেশন আহ্বান করেন | জরুরি অবস্থায় সিদ্ধান্ত গ্রহণ |
| নামমাত্র রাষ্ট্রপ্রধান | প্রকৃত শাসন ক্ষমতার অধিকারী |
| প্রধানমন্ত্রী ও প্রধান বিচারপতি নিয়োগ | মন্ত্রীদের নিয়োগ দেন |

ক. সচিবালয় কী? ১
খ. জেলা প্রশাসককে জেলার মূলস্তম্ভ বলা হয় কেন? ২
গ. জনাব 'X' এর বাংলাদেশের শাসন বিভাগের কোন ব্যক্তির সাথে মিল রয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব 'X' ও 'Y' এর মধ্যে কাকে বাংলাদেশের শাসনব্যবস্থার মধ্যমণি বলা হয়? বিশ্লেষণ করো। ৪

৭. **নিচের উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নগুলোর উত্তর দাও :**

| ছক-১ | ছক-২ |
|---|---|
| ১. সংগঠিত জনসমষ্টি | ১. দেশের প্রাচীনতম সংগঠন |
| ২. সুনির্দিষ্ট কর্মসূচি | ২. ১৯৪৯ সালে প্রতিষ্ঠিত |
| ৩. নির্বাচনে অংশগ্রহণ | ৩. রাষ্ট্রীয় চার মূলনীতির ধারক |
| ৪. সরকার গঠন | ৪. জাতীয় নির্বাচনে সফল |

ক. নির্বাচন কাকে বলে? ১
খ. গণতান্ত্রিক শাসনব্যবস্থায় নির্বাচন অপরিহার্য কেন? ২
গ. ছক-১-এ কোন সংগঠনের বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. ছক-২-এ উল্লিখিত রাজনৈতিক দলের নেতৃত্বেই বাংলাদেশের জন্ম হয়েছে– উক্তিটির যথার্থতা নির্ণয় করো। ৪

৮. বদরুল সাহেব রংপুরের স্থানীয় প্রশাসনিক কাঠামোর সর্বনিম্ন স্তরটির উন্নয়ন কমিটির প্রধান। অন্যদিকে রাশেদ চৌধুরীও প্রশাসনিক স্তরের একজন নির্বাচিত জনপ্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি পাঁচ বছরের জন্য জনগণের ভোটে নির্বাচিত হলেও বদরুল সাহেবের ক্ষেত্রে তা প্রযোজ্য নয়।
ক. সিটি কর্পোরেশনের মেয়র কোন পদমর্যাদা ভোগ করেন? ১
খ. পৌরসভার গঠন ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে বর্ণিত বদরুল সাহেবের প্রশাসনিক স্তরটির বর্ণনা দাও। ৩
ঘ. উদ্দীপকের আলোকে দুজনের প্রশাসনিক কার্যাবলির মধ্যে তোমার কাছে কোনটি গুরুত্বপূর্ণ মনে হয় তা আলোচনা করো। ৪

৯. অনেকবছর পর দুই বন্ধু রমিজ ও বশিরের মধ্যে কথোপকথন–
রমিজ : তোমার ছেলে মেয়ে কতজন?
বশির : ছেলে সন্তানের আশায় এক এক করে ৫ মেয়ে হয়েছে।
রমিজ : আমারও দুই মেয়ে, কিন্তু তারপর আর সন্তান নেইনি। আমি ও আমার স্ত্রী দুজনে মিলে পরিবার ছোটো রাখার সিদ্ধান্ত নিয়েছি। ওদেরকেই পড়াশোনা করিয়েছি। একজন ডাক্তার, আরেকজন শিক্ষক।
বশির : হায়! আমিও যদি তোমার মতো সচেতন হতাম। আমি ওদের কাউকেই প্রতিষ্ঠিত করতে পারিনি।
ক. জনসংখ্যার পুনর্বণ্টন কাকে বলে? ১
খ. রাষ্ট্রীয় সন্ত্রাস কী? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের বশিরের পরিবার কোন সামাজিক সমস্যা সৃষ্টির কারণ? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের রমিজ বাংলাদেশের জনসংখ্যা নীতির সুফল ভোগ করছে– উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

১০. সুমনের বাবা শামসুদ্দীন একজন যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা। মুক্তিযুদ্ধের সময় তিনি সরকারি চাকরি করতেন। চারদিকের মুক্তিযুদ্ধের সংবাদ শুনে সবার অজান্তে ডিসেম্বরে এক অপারেশনে তিনি দুটি পা হারান। এ কারণে শামসুদ্দিন সাহেব তার চাকরিটি আর ফিরে পাননি।
ক. বঙ্গবন্ধু স্বাধীনতার ঘোষণা দেন কত তারিখে? ১
খ. স্বাধীনতা সংগ্রামে মুক্তিবাহিনীর ভূমিকা উল্লেখ করো। ২
গ. স্বাধীনতা অর্জনে শামসুদ্দীন সাহেবের ন্যায় বীর মুক্তিযোদ্ধাদের অবদান ব্যাখ্যা করো। ৩
ঘ. "আবাল-বৃদ্ধ-বণিতা ও বিভিন্ন শ্রেণির, পেশার মানুষের সহযোগিতায় বাংলাদেশ স্বাধীন হয়েছিল"– বিশ্লেষণ করো। ৪

১১. আমজাদ সাহেব বাংলাদেশের সেনাবাহিনীতে মেজর হিসেবে কর্মরত। তিনি সম্প্রতি সোমালিয়া, শান্তিরক্ষা মিশনে যান। সেখানে আমজাদ সাহেবের সাথে আরো ২৫ সেনা যোগ দেন। তারা সকলে মিলে শান্তিরক্ষা বাহিনীর হয়ে শান্তি প্রতিষ্ঠায় অসামান্য অবদান রাখেন। অবদানের স্বীকৃতিস্বরূপ আমজাদ সাহেবকে শান্তিবাহিনীর কমান্ডার হিসেবে নিয়োগ দেওয়া হয়।
ক. বাংলাদেশ কত সালে জাতিসংঘের সদস্যপদ লাভ করে? ১
খ. বিশ্বের সব মুসলমান রাষ্ট্র যে সংস্থার সদস্য তার ভূমিকা ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের আমজাদ সাহেব কোনো সংস্থার অধীনে শান্তিরক্ষার কাজ করতে গিয়েছিলেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. আমজাদ সাহেবের মতো সৈন্যরাই 'বিশ্ব শান্তি ও বাংলাদেশের গর্ব' - উক্তিটির যথার্থতা নিরূপণ করো। ৪

## মডেল টেস্ট- ০৪

# সাবেরা সোবহান সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ব্রাহ্মণবাড়িয়া

**পৌরনীতি ও নাগরিকতা** (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড | 1 | 4 | 0 |

সময়- ৩০ মিনিট মান- ৩০

[**বি.দ্র. :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল বয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান- ১।]

১. **"শক্তি নয় ইচ্ছাই রাষ্ট্রের ভিত্তি"– উক্তিটি কার?**
K টি. এইচ. গ্রিনের L অ্যারিস্টটলের M রুশোর N প্লেটোর

২. **জন্ম থেকে মৃত্যু পর্যন্ত আমাদের অবস্থান–**
i. পরিবারে ii. সমাজে iii. রাষ্ট্রে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩ ও ৪ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
হৃদয় বাংলাদেশ থেকে কানাডা গিয়ে এক কানাডিয়ান মেয়েকে বিয়ে করে। সেখানে সে স্থায়ীভাবে বসবাস শুরু করে। মাঝে মাঝে সে বাংলাদেশেও আসে।

৩. **হৃদয় কোন পদ্ধতিতে কানাডার নাগরিকত্ব লাভ করে?**
K জন্মসূত্রে L অনুমোদন সূত্রে
M বৈদেশিক সূত্রে N ব্যবসায়িক সূত্রে

৪. **হৃদয় কানাডার নাগরিকত্ব লাভ করে–**
i. রাষ্ট্রপ্রদত্ত সকল সুবিধা ভোগ করছে ii. রাষ্ট্রের প্রতি আনুগত্য প্রদর্শন করছে
iii. রাজনৈতিকভাবে সচেতন হয়েছে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৫. **বাংলাদেশের তথ্য অধিকার আইনটি গৃহীত হয়–**
K ৪ঠা এপ্রিল, ২০০৯ L ৫ই এপ্রিল, ২০০৯ M ৪ঠা এপ্রিল, ২০১০ N ৫ই এপ্রিল, ২০১০

৬. **আইন হলো কতকগুলো — এর সমষ্টি।**
i. রীতিনীতি ii. প্রথার iii. নিয়মকানুনের
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৭. **আইন মানুষের কোন ধরনের কার্যকলাপকে নিয়ন্ত্রণ করে?**
K অভ্যন্তরীণ L বাহ্যিক M সামাজিক N ব্যক্তিগত

৮. **যুক্তরাষ্ট্রীয় সরকার প্রচলিত আছে–**
i. আমেরিকায় ii. ভারতে iii. কানাডায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৯. **ম্যাগনাকার্টা সনদ প্রণয়ন করা হয় কত সালে?**
K ১২১১ L ১২১২ M ১২১৩ N ১২১৫

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ১০ ও ১১ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
নীলিমার দেশের শাসনব্যবস্থাটি সবচেয়ে জনপ্রিয় ও গ্রহণযোগ্য। সেখানে জনগণের সার্বিক কল্যাণে পদক্ষেপ গ্রহণ করা হয়।

১০. **নীলিমার রাষ্ট্রের ক্ষমতার মালিক কে?**
K রাষ্ট্র L জনগণ M সরকার N প্রশাসন

১১. **উক্ত শাসনব্যবস্থায় শাসকগণ–**
i. জনগণের নিকট দায়ী থাকে ii. জনস্বার্থ রক্ষার চেষ্টা করে
iii. সততার সাথে দায়িত্ব পালন করে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১২. **বাংলাদেশ সংবিধান কখন কার্যকর হয়?**
K ১০ই এপ্রিল, ১৯৭২ L ১৭ই এপ্রিল, ১৯৭২
M ৪ঠা নভেম্বর, ১৯৭২ N ১৬ই ডিসেম্বর, ১৯৭২

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
রিপন মিয়া একজন শিল্পপতি। তিনি নিজ প্রতিষ্ঠানে দক্ষ কর্মকর্তা ও কর্মচারী নির্বাচনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

১৩. **রিপন মিয়ার কাজের সাথে বাংলাদেশের সরকারব্যবস্থার কোন পদের মিল আছে?**
K রাষ্ট্রপতি L প্রধানমন্ত্রী M মন্ত্রী N সচিব

১৪. **রিপন মিয়ার কাজের ওপরই নির্ভর করে উক্ত প্রতিষ্ঠানের–**
i. সফলতা ii. ব্যর্থতা iii. শৃঙ্খলা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৫. **বাংলাদেশ সরকারের কয়টি বিভাগ আছে?**
K ২টি L ৩টি M ৪টি N ৫টি

১৬. **কোন দেশে রাজনৈতিক দলের অস্তিত্ব নেই?**
K ভারত L সৌদি আরব M যুক্তরাষ্ট্র N নেপাল

১৭. **রাজনৈতিক দলের প্রধান কার্যাবলি হিসেবে বিবেচ্য–**
i. জনমত গঠন করা ii. সুষ্ঠুভাবে নির্বাচন পরিচালনা করা iii. প্রার্থী মনোনয়ন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৮. **আওয়ামী লীগ কত সালে প্রতিষ্ঠিত হয়?**
K ১৯৪৯ L ১৯৫২ M ১৯৪৫ N ১৯৫৮

১৯. **বাংলাদেশের জাতীয় সংসদে 'জেলা পরিষদ আইন' পাস হয় কত সালে?**
K ২০০০ সালে L ২০০৩ সালে M ২০০৫ সালে N ২০১০ সালে

২০. **বিশ্বের কতটি দেশ নারীর প্রতি বৈষম্য বিলোপ সনদ সমর্থন করেছে?**
K ১৩০ L ১৩২ M ১৩৪ N ১৪০

২১. **পৌরসভার কাজ-**
i. মৃতদেহ সৎকার ii. যানবাহন চলাচল নিয়ন্ত্রণ করা iii. সাংস্কৃতিক উন্নয়ন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২২. **বাংলাদেশের পার্বত্য জেলা কয়টি?**
K ৩টি L ৪টি M ১১টি N ১২টি

২৩. **ভারতে প্রতি বর্গকিলোমিটারে কতজন লোক বাস করে?**
K ৩৬০ L ৩৬১ M ৩৬২ N ৩৬৩

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৪ ও ২৫ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
রিকশাচালক কাদির মিয়া তার পরিবারের সদস্যদের প্রয়োজনীয় খাদ্যের ব্যবস্থা করতে পারছেন না।

২৪. **উদ্দীপকে কোন সমস্যাটি ফুটে উঠেছে?**
i. শ্রমবিমুখতা ii. খাদ্যনিরাপত্তাহীনতা iii. নিরাপত্তাহীনতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৫. **বর্ণিত সমস্যাটি সমাধানে করণীয় হলো–**
i. খাদ্য উৎপাদন বৃদ্ধি ii. ঘরবাড়ি তৈরি করা iii. খাদ্যাভ্যাস সম্পর্কে সচেতন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৬. **স্বাধীন বাংলাদেশের প্রথম পতাকা উত্তোলন করা হয় কত তারিখে?**
K ২রা মার্চ, ১৯৭১ L ৩রা মার্চ, ১৯৭১ M ৭ই মার্চ, ১৯৭১ N ১৭ই মার্চ, ১৯৭১

২৭. **ছাত্ররা ২১ ফেব্রুয়ারির দিন ১৪৪ ধারা ভঙ্গ করে–**
i. সমাবেশ করে ii. মিছিল করে iii. পুলিশকে গুলি করে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৮. **মুক্তিযুদ্ধে কোন সেক্টরের কোনো আঞ্চলিক সীমা ছিল না?**
K সেক্টর ৮ L সেক্টর ৯ M সেক্টর ১০ N সেক্টর ১১

২৯. **আন্তর্জাতিক আদালতের সদর দপ্তর কোথায়?**
K হেগে L নিউইয়র্কে M রোমে N প্যারিসে

৩০. **জাতিসংঘের যে সংস্থাগুলো বাংলাদেশে কাজ করছে–**
i. UNDP ii. UNICEF iii. WHO
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# পঞ্চগড় সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়

## পৌরনীতি ও নাগরিকতা (সৃজনশীল প্রশ্ন)

বিষয় কোড | 1 | 4 | 0 |

সময়- ২ ঘণ্টা ৩০ মিনিট　　　　মান- ৭০

[**বি.দ্র. :** ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. রিপা ও রূপম দুই ভাইবোন। মা-বাবা ও দুই ভাইবোন মিলে তাদের পরিবার। মাঝে মাঝে দাদা-দাদিও তাদের সাথে এসে থাকেন। সেদিন মায়ের জন্মদিন ছিল। রিপা ও রূপম একটি অনুষ্ঠানের আয়োজন করে। এরকম অনুষ্ঠান ছাড়াও মাঝে মাঝে তারা বাবা-মা ও দুই ভাই-বোন একত্রে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করে।

ক. রাষ্ট্রবিজ্ঞানী ই. এম. হোয়াইট প্রদত্ত পৌরনীতির সংজ্ঞা দাও। ১
খ. একটি রাষ্ট্র কীভাবে অন্য রাষ্ট্রের হস্তক্ষেপমুক্ত থাকতে পারে? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে বর্ণিত রিপা ও রূপমের পরিবারটি কোন ধরনের পরিবার? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত কাজগুলোই শুধু পরিবারের কাজ নয়– বিশ্লেষণ করো। ৪

২.

| তথ্য-১ | তথ্য-২ | তথ্য-৩ |
|---|---|---|
| * সদস্য দেশসমূহের সাথে সম্পর্কের উন্নয়ন ঘটানো | * সকল সদস্যের মর্যাদা একরকম। | * সকল সদস্যের মর্যাদা একরকম নয়। |
| * প্রতিবেশী দেশের সার্বভৌমত্বের প্রতি শ্রদ্ধাশীল থাকা। | * বিশেষ প্রয়োজনে একের অধিক সভা আহ্বান। | * যেকোনো সময় সভা আহ্বান। |
| * এটি ৮০-র দশকে গঠিত। | * আলোচনার মধ্যদিয়ে সিদ্ধান্ত গ্রহণ। | * সমাধান মানতে সদস্যদের বাধ্য করতে পারে। |

ক. অছি এলাকা কাকে বলে? ১
খ. "বিশ্বযুদ্ধের ধ্বংসলীলা থেকে জাতিসংঘের সৃষ্টি"– ব্যাখ্যা করো। ২
গ. তথ্য-১-এর বৈশিষ্ট্যসমূহ কোন সংস্থার লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
ঘ. সদস্য রাষ্ট্রসমূহের মাঝে পারস্পরিক শান্তি বজায় রাখতে তথ্য-২ ও তথ্য-৩-এর অঙ্গসংস্থা দুটির মাঝে কোনটি বেশি কার্যকরী? চিহ্নিতপূর্বক মতামত দাও। ৪


৩. 'দশের হাট' একটি বৃহৎ সংস্থা। সংস্থাটির যাবতীয় কাজ তিনটি শাখার মাধ্যমে পরিচালিত হয়। 'ক' শাখাটি 'খ' শাখা কর্তৃক প্রণীত নীতিমালা ও বিধিবিধানের অস্পষ্টতা দেখিয়ে 'খ' শাখার অধিকাংশ সদস্যের সমর্থনের ভিত্তিতে এর পরিবর্তন আনেন। অন্যদিকে 'গ' শাখাটিও 'খ' শাখা কর্তৃক প্রণীত বিধি-বিধানের আলোকে জনগণের কল্যাণে কাজ করে।

ক. অভিশংসন কী? ১
খ. সচিবালয়কে প্রশাসনের কেন্দ্রবিন্দু বলা হয় কেন? ২
গ. 'দশের হাট' সংস্থাটির 'ক' শাখার কাজের প্রকৃতি বাংলাদেশ সরকারের কোন বিভাগের কাজের প্রকৃতির সাথে সম্পর্কিত? ব্যাখ্যা করো। ৩
ঘ. সংস্থাটির 'খ' শাখা 'গ' শাখাকে কীভাবে নিয়ন্ত্রণ করে? পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

৪. রিপন সাহেব এবং নীলয় সাহেবের একটি ব্যবসা প্রতিষ্ঠান রয়েছে। এটি পরিচালনার জন্য তারা সুনির্দিষ্ট নীতিমালা লিখিতভাবে তৈরি করেন। ব্যবসা পরিচালনার সুবিধার্থে তারা নীতিমালাগুলো যুগোপযোগী করে নেন। তার পাশে রয়েছে 'নবযুগ' নামে একটি জনকল্যাণ সমিতি। সেখানে সমঝোতার ভিত্তিতে কিছু লিখিত, সহজ এবং প্রাঞ্জল ভাষায় নিয়মনীতি তৈরি করে। 'সরলরেখা' নামক একটি বিদ্যালয়। সেটি পরিচালনার জন্য কোনো নির্দিষ্ট নীতিমালা লিখিত নেই। তারা চিরাচরিত নিয়মনীতি ও আচার-অনুষ্ঠানের ভিত্তিতে প্রতিষ্ঠান পরিচালনা করেন।

ক. সংবিধান কাকে বলে? ১
খ. সংবিধান রাষ্ট্র পরিচালনার উৎকৃষ্ট শক্তি– ব্যাখ্যা করো। ২
গ. রিপন সাহেবের প্রতিষ্ঠানে কোন ধরনের সংবিধানের বৈশিষ্ট্য ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. নবযুগ সমিতি ও সরলরেখা বিদ্যালয় পরিচালনার নীতিমালার মধ্যে কোনটিকে অধিকতর শ্রেয় মনে কর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫. নিচের ছকটি লক্ষ করো এবং প্রশ্নগুলোর উত্তর দাও :




চিত্র-১　　চিত্র-২

ক. ক্ষমতা বণ্টনের নীতির ভিত্তিতে রাষ্ট্রকে কয় ভাগে ভাগ করা যায়? ১
খ. যুক্তরাষ্ট্রীয় সরকার বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. চিত্র-১ কোন সরকারব্যবস্থার প্রতিচ্ছবি? বর্ণনা করো। ৩
ঘ. বাংলাদেশের প্রেক্ষিতে উপরের কোন চিত্রটি প্রযোজ্য? বিশ্লেষণ করো। ৪

৬. সকল গণতান্ত্রিক রাষ্ট্রে কতকগুলো সংগঠন থাকে। তাসফিয়া জান্নাত একটি সংগঠনের প্রতিষ্ঠাতা সদস্য। তিনি অন্যান্য সদস্যদের নিয়ে সংগঠনের আদর্শ ও কর্মসূচি ঘোষণা করেন। তার সংগঠনটি দেশের বিদ্যমান সমস্যা চিহ্নিত করে এবং সেগুলো সমাধানের লক্ষ্যে জনগণের সম্মতি আদায়পূর্বক নির্বাচনে জয়লাভের মাধ্যমে সরকার গঠন করে।

ক. সংবিধানের কত নং অনুচ্ছেদে নির্বাচন কমিশনের কথা উল্লেখ রয়েছে? ১
খ. 'এক ব্যক্তি এক ভোট'– ব্যাখ্যা করো। ২
গ. জনাব তাসফিয়া জান্নাত কোন সংগঠনের সদস্য? ব্যাখ্যা করো। ৩
ঘ. গণতন্ত্রের বিকাশ সাধনে উদ্দীপকে উল্লিখিত সংগঠনটির ভূমিকা মূল্যায়ন করো। ৪

৭. ডোকরোপাড়া এলাকার মোতালেব তার একমাত্র কন্যা তামান্নাকে বিয়ে দেন পাশের এলাকার প্রবাসী আরশাদ মিয়ার সাথে। স্বামী-স্ত্রী উভয়ই শিক্ষিত। দীর্ঘ দশ বছর তাদের কোনো সন্তান না আসায় তাদের মধ্যে ঝগড়া-বিবাদ লেগে থাকত। চিকিৎসা করানোর পর তাদের দুটি কন্যা সন্তানের জন্ম হয়। এই দিকে পুত্রসন্তান না হওয়ায় স্বামীসহ শ্বশুরবাড়ির সবাই তামান্নার সাথে খারাপ ব্যবহার করত। যার ফলে তামান্না শারীরিক ও মানসিকভাবে ক্ষতিগ্রস্ত হতো। কিন্তু এ বছর একটি পুত্রসন্তান জন্ম হওয়ায় পরিবারের সবাই তার প্রতি অনেক খুশি।

ক. জনসংখ্যার পুনর্বণ্টন কী? ১
খ. নারী নির্যাতন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের তামান্না যে কারণে নারী নির্যাতনের শিকার হয়েছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে নারী নির্যাতনের এরূপ প্রকৃতি ছাড়াও বাংলাদেশের নারীরা আরো যেসব উপায়ে নির্যাতনের শিকার হচ্ছে তা ব্যাখ্যা করো। ৪

৮.


| সাল | আন্দোলন | ফলাফল |
|---|---|---|
| ১৯৫২ | 'ক' | জাতীয়তাবাদের উন্মেষ |
| ১৯৬৬ | 'খ' | মুক্তির সনদ, স্বাধীনতা অর্জন |

ক. লাহোর প্রস্তাব কে উত্থাপন করেন? ১
খ. দ্বিজাতি তত্ত্ব বলতে কী বোঝায়? ২
গ. 'ক' নির্দেশিত আন্দোলন কীভাবে জাতীয়তাবাদের উন্মেষ ঘটায়? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'খ' আন্দোলনের মধ্যে আমাদের স্বাধীনতার বীজ নিহিত-- উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৯. জনাব লায়লা মজুমদার একটি প্রতিষ্ঠানের নির্বাহী কর্মকর্তা। তিনি সততার সাথে নিজ দায়িত্ব পালন করেন। তার অধীনস্ত কর্মচারীগণও প্রতিষ্ঠানের নিয়মকানুন মেনে স্ব-স্ব দায়িত্ব স্বাধীনভাবে সম্পন্ন করেন।

ক. আইনের উৎস কয়টি? ১
খ. স্বাধীনতা বলতে কী বোঝায়? ২
গ. জনাব লায়লা মজুমদারের আইনের অনুশাসন মেনে চলার পেছনে কী কী ধারণা কাজ করছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. "জনাব লায়লা মজুমদারের প্রতিষ্ঠানে আইন ও স্বাধীনতার সমন্বয় ঘটেছে"– তুমি কী উক্তিটির সাথে একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১০.




ক. SAARC এর ইংরেজি পূর্ণরূপ কী? ১
খ. অছি বলতে কী বোঝায়? ২
গ. 'A' প্রতিষ্ঠানটি কোন আন্তর্জাতিক প্রতিষ্ঠানের বৈশিষ্ট্যের সাথে সংগতিপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
ঘ. বাংলাদেশের সাথে ডায়াগ্রামের প্রতিষ্ঠানের সম্পর্ক মূল্যায়ন করো। ৪

১১. বাংলাদেশের নাগরিক রাজীব এবং তার স্ত্রী রাইসা ছেলে রুপনকে নিয়ে 'A' দেশে গমন করেন। সেখানে কয়েক বছর পর তার মেয়ে জন্মগ্রহণ করে। পরবর্তীতে রাজীব, রাইসা ও রীমা উক্ত দেশের নাগরিকতা অর্জন করতে পারেনি। অন্যদিকে রুপনের চাচা সেখানে দীর্ঘদিন যাবৎ বসবাস করছেন এবং সরকারি চাকরি করেন। তিনি নাগরিকের সকল সুযোগ-সুবিধা ভোগ করেন।

ক. নাগরিকতা কাকে বলে? ১
খ. নাগরিকতা অর্জনে বাংলাদেশ কোন নীতি অনুসরণ করে? ব্যাখ্যা করো। ২
গ. রাজীব ও রাইসা 'A' দেশে কোন পদ্ধতিতে নাগরিকতা অর্জন করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'A' দেশের নাগরিকতা অর্জনের ক্ষেত্রে রুপন ও তার চাচার অবস্থান মূল্যায়ন করো। ৪

## মডেল টেস্ট- ০৫

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরি স্কুল ও কলেজ

**পৌরনীতি ও নাগরিকতা** (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড | 1 | 4 | 0 |

[**বি.দ্র. :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল বয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**১. পরিবারের কোন কাজ মানসিক বিকাশকে সমৃদ্ধ করে?**
K জৈবিক কাজ L শিক্ষামূলক কাজ
M মনস্তাত্ত্বিক কাজ N বিনোদনমূলক কাজ

**২. বাংলাদেশে নিচের কোন ধরনের পরিবার দেখা যায় না?**
K একপত্নীক L বহুপত্নীক M বহুপতি N যৌথ

**৩. রাষ্ট্রের উৎপত্তি সম্পর্কে সবচেয়ে যুক্তিযুক্ত ও গ্রহণযোগ্য মতবাদ কোনটি?**
K ঐতিহাসিক L সামাজিক চুক্তি M ঐশী N বল প্রয়োগ

**৪. পৌরনীতির মূল আলোচ্য বিষয় হলো—**
i. নাগরিক ও নাগরিকতাসম্পর্কিত বিষয়
ii. অর্থনৈতিক ও সামাজিক চাহিদা
iii. পরিবার, সমাজ ও প্রশাসন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৫. প্রাচীন গ্রিসে নাগরিক ও নগররাষ্ট্রের মধ্যে সম্পর্ক কেমন ছিল?**
K পরিপূরক L প্রতিযোগিতামূলক
M সহযোগিতামূলক N অবিচ্ছেদ্য

**৬. কোন অধিকারটি নাগরিকের সামাজিক অধিকারের অন্তর্ভুক্ত?**
K মজুরি লাভের L ভোটাধিকারের
M সম্পত্তি ভোগের N নির্বাচিত হওয়ার

□ **উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
মি. রহিম কাজের কারণে একসময় প্রবাসে পাড়ি জমান। তিনি প্রায় পাঁচ বছর যাবৎ আমেরিকায় অবস্থান করেন এবং পরবর্তীতে এক আমেরিকান মহিলাকে বিবাহ করে স্থায়ীভাবে বসবাস শুরু করেন। তিনি মাঝে মাঝে বাবা-মাকে দেখতে দেশে আসেন।

**৭. মি. রহিম কোন পদ্ধতিতে আমেরিকার নাগরিকত্ব লাভ করেন?**
K জন্মসূত্রে L অনুমোদন সূত্রে
M জন্মস্থান সূত্রে N সম্পত্তি ক্রয় সূত্রে

**৮. মি. রহিম আমেরিকার নাগরিকত্ব লাভ করে—**
i. রাষ্ট্রপ্রদত্ত সকল সুবিধা ভোগ করেছেন
ii. রাষ্ট্রের প্রতি আনুগত্য প্রদর্শন করেছেন
iii. রাজনৈতিকভাবে সচেতন হয়েছেন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৯. সংসদীয় সরকারব্যবস্থায় কোন পদটি নিয়মতান্ত্রিক?**
K রাষ্ট্রপতি L প্রধানমন্ত্রী
M স্পিকার N প্রধান বিচারপতি

**১০. কোন ব্যবস্থায় নির্দিষ্ট মেয়াদের পর জনগণের কাছে সরকার পরিবর্তনের সুযোগ আসে?**
K সমাজতান্ত্রিক L গণতান্ত্রিক
M একনায়কতান্ত্রিক N রাজতান্ত্রিক

**১১. কল্যাণমূলক রাষ্ট্র সর্বদা স্বার্থ সংরক্ষণ করে—**
i. কৃষকের ii. শ্রমিকদের iii. অভিজাতদের
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১২. "এক জাতি, এক দেশ, এক নেতা" — কোন শাসনব্যবস্থার আদর্শ?**
K গণতান্ত্রিক L সমাজতান্ত্রিক
M পুঁজিবাদী N একনায়কতান্ত্রিক

**১৩. 'ম্যাগনাকার্টা' কী?**
K আইনের বই L চুক্তিপত্র M অর্থবিল N অধিকার সনদ

**১৪. বাংলাদেশের সংবিধান গণপরিষদ কর্তৃক গৃহীত হয় কখন?**
K ১৭ই এপ্রিল, ১৯৭২ L ১৯শে অক্টোবর, ১৯৭২
M ৪ঠা নভেম্বর, ১৯৭২ N ১৬ই ডিসেম্বর, ১৯৭২

**১৫. বাংলাদেশের আইনসভার সদস্য সংখ্যা কত?**
K ৩০০ L ৩৭৫ M ৩৫০ N ৪৫৫

**১৬. কে দেশরক্ষা বাহিনীর প্রধান নিয়োগ দেন?**
K রাষ্ট্রপতি L প্রধানমন্ত্রী M স্পিকার N মন্ত্রিপরিষদ

**১৭. জাতীয় সংসদে মহিলাদের জন্য সংরক্ষিত আসন সংখ্যা কতটি?**
K ৩০ L ৫০ M ৩০০ N ৩৫০

**১৮. বাংলাদেশের আইনসভার নাম কী?**
K সুপ্রিম কোর্ট L হাইকোর্ট M জাতীয় সংসদ N সচিবালয়

**১৯. মুজিবনগর সরকার কত তারিখে শপথ গ্রহণ করে?**
K ৭ই এপ্রিল L ১০ই এপ্রিল M ১৫ই এপ্রিল N ১৭ই এপ্রিল

**২০. মুসলিম লীগ প্রতিষ্ঠিত হয় কত সালে?**
K ১৯০৫ সালে L ১৯০৬ সালে M ১৯০৮ সালে N ১৯০৭ সালে

□ **উদ্দীপকটি পড়ে ২১ ও ২২ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
আফাজ উদ্দীন একজন বীর মুক্তিযোদ্ধা। মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ করতে গিয়ে তিনি বলেন, পাকবাহিনীর এক নারকীয় হত্যাকাণ্ড আজও বিশ্বব্যাপী নিন্দিত।

**২১. উদ্দীপকে কোন রাতের কথা বলা হয়েছে?**
K ৭ই মার্চ ১৯৭১ L ১৫ই মার্চ ১৯৭০
M ২৩শে মার্চ ১৯৭১ N ২৫শে মার্চ ১৯৭১

**২২. ঐ রাতের নারকীয় হত্যাকাণ্ডের কারণ—**
i. স্বাধীনতার স্বপ্ন নসাৎ করার জন্য ii. গণহত্যা করার জন্য
iii. পাকিস্তানের অখণ্ডতা রক্ষা করার জন্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৩. আমাদের দেশের কোন দিবসটি বিশ্বের সর্বত্র উদযাপিত হয়?**
K বিজয় দিবস L শহিদ দিবস M স্বাধীনতা দিবস N পহেলা বৈশাখ

**২৪. সার্ক সচিবালয় কোথায় অবস্থিত?**
K ঢাকায় L কলম্বোয়
M কাঠমান্ডুতে N ইসলামাবাদে

**২৫. সার্কের সদস্য দেশের সংখ্যা কত?**
K ৫ L ৬ M ৭ N ৮

**২৬. রাষ্ট্রের সর্বোচ্চ আইন কোনটি?**
K সংবিধান L বিচারকের রায়
M জনমত N প্রথা

**২৭. OIC ১৯৬৯ সালের কত তারিখে গঠিত হয়?**
K ২২শে সেপ্টেম্বর L ২০শে সেপ্টেম্বর
M ২৪শে সেপ্টেম্বর N ২৫শে সেপ্টেম্বর

**২৮. জাতিসংঘের সদর দপ্তর কোথায় অবস্থিত?**
K জেনেভায় L নিউইয়র্কে M ম্যানিলায় N অস্ট্রিয়ায়

**২৯. ১৯৭১ সালের কত তারিখে প্রথম বাংলাদেশ সরকার গঠিত হয়?**
K ১০ই জানুয়ারি L ২৬শে মার্চ M ১০ই এপ্রিল N ১৭ই এপ্রিল

**৩০. গণতান্ত্রিক রাষ্ট্রে ক্ষমতার মালিক কে?**
K রাষ্ট্র L সরকার M জনগণ N প্রশাসন

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

## পৌরনীতি ও নাগরিকতা (সৃজনশীল প্রশ্ন)

বিষয় কোড | 1 | 4 | 0 |

সময়- ২ ঘণ্টা ৩০ মিনিট — মান- ৭০

[**বি.দ্র. :** ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১.

| সরকারব্যবস্থা | বৈশিষ্ট্য |
|---|---|
| 'M' | i) ক্ষমতা একীভূত |
| | ii) সহজে সিদ্ধান্ত গ্রহণ |
| | iii) ক্ষুদ্র রাষ্ট্রের উপযোগী |
| 'N' | i) ক্ষমতা স্বতন্ত্রীকরণ |
| | ii) দ্বৈত সরকারব্যবস্থা |
| | iii) বৃহৎ রাষ্ট্রের উপযোগী |

ক. কল্যাণমূলক রাষ্ট্র কাকে বলে? ১
খ. কোন রাজতন্ত্রের রাজপ্রধান সীমিত ক্ষমতা ভোগ করেন? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের 'M' সরকার ব্যবস্থা কোন সরকার ব্যবস্থাকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'N' সরকার ব্যবস্থা বৃহৎ রাষ্ট্রের জন্য উপযোগী– বিশ্লেষণ করো। ৪

২. নিপা ও রিমা দুইজন সহপাঠী। নিপা হাস্যোজ্জ্বল ও প্রাণবন্ত মেয়ে। স্কুলে ও পরিবারে সবাই তাকে পছন্দ করে। নিপার কথা ও কাজে পরিবারের সবার মন ভালো হয়ে যায়। কিন্তু রিমা অল্পতে মন খারাপ করে, ঘর থেকে বের হয় না, পরিবারের সবাই ওকে নিয়ে চিন্তিত হয়ে পড়ে। অপরদিকে সবুর মিয়া বাজারে ছোটো মুদিখানার দোকান চালাতেন। একমাত্র ছেলে রিপনকে ডাক্তারি পড়াবেন বলে বাড়িতে গরু-ছাগল পোষেণ। অক্লান্ত পরিশ্রমের ফলে মেধাবী রিপন বাবার স্বপ্ন পূরণে সার্থক হয়।
ক. ই. এম. হোয়াইট প্রদত্ত পৌরনীতির সংজ্ঞা দাও। ১
খ. রাষ্ট্রের সর্বোচ্চ ক্ষমতা কোনটি? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের নিপা ও রিমার কাজ পরিবারের কোন ধরনের কাজকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. সবুর মিয়ার অবদানে পরিবারের কোন ধরনের কাজের ভূমিকা রয়েছে? যৌক্তিক মতামত দাও। ৪

৩.

| উৎপত্তি | বৈশিষ্ট্য |
|---|---|
| ? | বিশ্বশান্তি স্থাপন |
| | যুদ্ধকে পরিহার |
| | ১৯৪৫ সালে জন্ম |
| 'Y' | ১৫টি সদস্য রাষ্ট্র |
| | গুরুত্বপূর্ণ ও শক্তিশালী শাখা |
| | সামরিক শক্তি প্রয়োগ |

ক. আন্তর্জাতিক আদালত কোথায় অবস্থিত? ১
খ. "অছি পরিষদের সুনির্দিষ্ট সংখ্যা নেই"– ব্যাখ্যা করো। ২
গ. ছকের '?' চিহ্নিত স্থানটি কোনটিকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. "আন্তর্জাতিক শান্তি ও সম্প্রীতি রক্ষার লক্ষ্যে প্রয়োজনীয় সকল কাজ 'Y' সংস্থাটি করে থাকে" – বিশ্লেষণ করো। ৪

৪. আমজাদ সাহেব 'চ' সংস্থার অফিসে কাজ করেন। তিনি কোনোদিন অফিসে দেরি করে আসেন না। নিজ স্বার্থে কোনো অফিস ফাইল আটকে রাখেন না। তিনি দীর্ঘদিন অফিসে সুনামের সাথে কাজ করছেন। অপরদিকে জামিল সাহেব তার শিক্ষার্থীদের বুঝাচ্ছিলেন, অধিকার ভোগ করতে হলে দায়িত্ব পালন করতে হয়। রাষ্ট্রের প্রতি আনুগত্য, আইন মান্য ও কর প্রদান করা নাগরিকের কর্তব্য।
ক. নাগরিকতা কাকে বলে? ১
খ. দ্বৈত নাগরিকতা কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের আমজাদ সাহেবের মধ্যে সুনাগরিকের কোন গুণটি লক্ষ করা যায়? ব্যাখ্যা করো। ৩
ঘ. জামিল সাহেব শিক্ষার্থীদের কোন কর্তব্যটি বুঝাচ্ছিলেন? বিশ্লেষণ করো। ৪

৫. 'চ' রাষ্ট্রের সংবিধান লিখিত ও দুষ্পরিবর্তনীয়। এখানে মৌলিক অধিকারের ওপর গুরুত্ব দেওয়া হয়েছে। রাষ্ট্র পরিচালনার জন্য মূলনীতি রয়েছে।
ক. সংবিধান কাকে বলে? ১
খ. ব্রিটিশ সংবিধান তৈরি হয়নি, গড়ে উঠেছে– উক্তিটি ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে বর্ণিত 'চ' রাষ্ট্রের সংবিধানের সাথে কোন সংবিধানের সাদৃশ্য আছে? 'ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত সংবিধান একটি উত্তম সংবিধান– উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৬. **দৃশ্যকল্প-১ :** জনাব আফজাল চৌধুরি উচ্চ আদালতের প্রধান। তিনি একটি মামলায় জটিলতা সৃষ্টি হলে আইন বিশারদদের বিজ্ঞানসম্মত গ্রন্থের সাহায্য নিয়ে সমস্যার সমাধান করেন।
**দৃশ্যকল্প-২ :** 'P' দেশে জনগণের মধ্যে বিশৃঙ্খলা সৃষ্টি হয়। ধনী-দরিদ্র, সবল-দুর্বলের ভেদাভেদ দানা বেঁধে ওঠে। উক্ত দেশে নাগরিক স্বাধীনতা ও গণতান্ত্রিক অধিকার নেই।
ক. স্বাধীনতা কাকে বলে? ১
খ. সাম্য বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. দৃশ্যকল্প-১ কোনো ধরনের আইনের উৎস ইঙ্গিত করে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. দৃশ্যকল্প-২-এ বর্ণিত 'P' দেশে কোন ধরনের শাসন অনুপস্থিত বলে তুমি মনে কর? বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

৭. এই প্রজন্মের তরুণ কর্মী সাজেদ ও আহনাফ 'চির সবুজ' নামে একটি স্বেচ্ছাসেবী সংগঠন গড়ে তোলে। এর কাজ হচ্ছে পরিবেশ দুর্যোগ নিয়ে নাগরিকদের সচেতন করে তোলা। মানুষের কারণে প্রতিনিয়ত পরিবেশ দূষিত হচ্ছে। নদী দূষিত ও বন উজাড় হচ্ছে। অপরদিকে মেরিনা ও সেরিনা দুই বোন স্বেচ্ছায় বাড়ির পাশে বস্তিতে ছেলেমেয়েদের প্রাথমিক অক্ষরজ্ঞান দিয়ে থাকে।
ক. সন্ত্রাস কী? ১
খ. সামাজিক দৃষ্টিভঙ্গি কীভাবে জনসংখ্যা বৃদ্ধিতে প্রভাব ফেলে? ২
গ. উদ্দীপকের মেরিনা ও সেরিনার পদক্ষেপ নিরক্ষরতা দূরীকরণের কোন দিকটিকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'চির সবুজ' সংগঠনের উদ্যোগ পরিবেশগত দুর্যোগ মোকাবিলায় কী যথেষ্ট? মতামত দাও। ৪

৮.

| ক | খ |
|---|---|
| ১. ১৯৪৮ সাল পর্যন্ত সংঘটিত আন্দোলন | ১. ১৯৬৬ সালে সংঘটিত আন্দোলন |
| ২. প্রতিবাদী ও যোগ্য নেতৃত্ব সৃষ্টি | ২. পাকিস্তানের দুই অংশে বৈষম্য সৃষ্টি |
| ৩. অধিকার আদায়ের আন্দোলন | ৩. বাঙালির জাতীয় মুক্তির সনদ |

ক. কত সালে মুসলিম লীগ প্রতিষ্ঠিত হয়? ১
খ. লাহোর প্রস্তাব কেন করা হয়েছিল? ২
গ. 'ক' ছকটি কোন আন্দোলনকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'খ' ছকটি বর্ণিত আন্দোলনের মাধ্যমে বাঙালির স্বাধীনতা অর্জনের লক্ষ্য স্থির হয়– বিশ্লেষণ করো। ৪

৯. রহিমা বেগম পলাশপুর এলাকার একজন মহিলা মেম্বার। তিনি এলাকায় দক্ষ ও কর্মঠ হিসেবে পরিচিত। তিনি এলাকায় মানুষদের বিভিন্নভাবে সাহায্য ও সহযোগিতা করে থাকেন। সরকারের পক্ষ থেকে বিভিন্ন সেবা সামগ্রী দিয়ে তিনি এলাকায় জনসেবা করে থাকেন।
ক. বর্তমানে বাংলাদেশে পৌরসভার সংখ্যা কত? ১
খ. স্থানীয় সরকার কীভাবে নাগরিক সেবা প্রদান করে থাকে? ২
গ. উদ্দীপকের রহিমা বেগম কোন ধরনের সরকারের প্রতিনিধিত্ব করেন? এর গঠন ব্যাখ্যা করো। ৩
ঘ. রহিমা বেগমের উক্ত পরিষদ কী কী কার্যাবলি সম্পন্ন করে? উল্লেখ করো। ৪

১০. জাতীয় নির্বাচনে মিনা প্রথমবারের মতো ভোটকেন্দ্রে সারিবদ্ধভাবে দাঁড়িয়ে ভোট দিলো। বাড়িতে এসে মিনা বাবার কাছে নির্বাচন সম্পর্কে কিছু জানতে চাইলো। বাবা বললেন, সাংবিধানিকভাবে গঠিত একটি প্রতিষ্ঠান সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।
ক. নির্বাচন কী? ১
খ. রাজনৈতিক দলের প্রধান লক্ষ্য কী? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে মিনার ভোটদানে কোন পদ্ধতি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. মিনার বাবার বর্ণিত প্রতিষ্ঠানটির গঠন উল্লেখ করো। ৪

১১. 'ক' একটি দেশের রাষ্ট্রপ্রধান। তিনি পরোক্ষ ভোটে নির্বাচিত হন। তিনি একাধিকবার নির্বাচিত হতে পারেন। অপরদিকে 'খ' একটি দেশের সরকারপ্রধান। তাকে কেন্দ্র করে দেশের সকল শাসনকার্য পরিচালিত হয়। তিনি হলেন নির্বাচিত সংখ্যাগরিষ্ঠ দলের নেতা।
ক. বাংলাদেশের আইনসভার নাম কী? ১
খ. সুপ্রিম কোর্টের গঠন ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে 'ক' কাকে নির্দেশ করে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. 'খ' রাষ্ট্রের শাসনব্যবস্থার মধ্যমণি – উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

মডেল টেস্ট- ০৬

# বরগুনা জিলা স্কুল

**পৌরনীতি ও নাগরিকতা** (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড 1 4 0

সময় ৩০ মিনিট মান-৩০

[**বি.দ্র. :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল বয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**১. রাষ্ট্র পরিচালনার জন্য অপরিহার্য উপাদান কোনটি?**
K জনসমষ্টি L ভূখণ্ড M সরকার N সার্বভৌমত্ব

**২. নাগরিকতার স্থানীয় বিষয় কোনটি?**
K পৌরসভা L আইনসভা M সার্ক N কমনওয়েলথ

**৩. আইনের শাসনের মূলকথা কোনটি?**
K আইনের চোখে সবাই সমান L বাহ্যিক আচরণ নিয়ন্ত্রণ করে
M ব্যক্তি স্বাধীনতার রক্ষক N রীতিনীতির সাথে সম্পর্কযুক্ত

**৪. বাংলাদেশের সংবিধানের চতুর্থ সংশোধনীর প্রধান বৈশিষ্ট্য কী?**
K রাষ্ট্রপতিশাসিত সরকারব্যবস্থার প্রবর্তন
L রাষ্ট্রীয় মূলনীতির পরিবর্তন
M সংসদীয় সরকারব্যবস্থার পুনঃপ্রবর্তন
N তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বিলুপ্তকরণ

**৫. সর্বপ্রথম কত সালে বাংলাদেশ শান্তিরক্ষা বাহিনীতে সেনা সদস্য প্রেরণ করে?**
K ১৯৮৬ L ১৯৮৮ M ১৯৯০ N ১৯৯৮

**৬. কমনওয়েলথ এর সদর দপ্তর কোথায়?**
K জেনেভায় L লন্ডনে M নিউইয়র্কে N জেদ্দায়

**৭. যুক্তফ্রন্ট গঠিত হওয়ার পেছনের কারণ হলো, মুসলিম লীগ–**
i. বাঙালিদের আস্থাভাজন হতে পারেনি
ii. এদেশবাসীর সর্ব অধিকার কেড়ে নেয়
iii. উর্দুকে রাষ্ট্রভাষা করার কথা বলে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৮. আন্তর্জাতিক বিরোধ মীমাংসায় কাজ করে–**
i. নিরাপত্তা পরিষদ ii. অর্থনৈতিক ও সামাজিক পরিষদ
iii. আন্তর্জাতিক আদালত
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M i ও ii N i, ও iii

**৯. স্থিতিশীল উন্নয়ন ও স্বাস্থ্যকর জীবনযাপনের জন্য প্রধান ভিত্তি কোনটি?**
K প্রশাসনিক কঠোরতা L নিরক্ষরতার হার কমানো
M কর্মমুখী শিক্ষা ব্যবস্থা N সুস্থ প্রাকৃতিক পরিবেশ

**১০. সুবিধা বঞ্চিতদের জনসংখ্যা নিয়ন্ত্রণে উদ্বুদ্ধকরণের ক্ষেত্রে–**
i. সেবা বঞ্চিত এলাকাসমূহে সেবার মান বাড়াতে হবে
ii. নতুন পেশা গ্রহণের মাধ্যমে সন্তান নেওয়া থেকে বিরত রাখতে হবে
iii. খাদ্যনিরাপত্তা নিশ্চিত করতে হবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও iii L ii ও iii M i ও ii N i, ii ও iii

**১১. নাগরিকতা নির্ধারণে রাষ্ট্রকে প্রাধান্য দেওয়া হয় নাগরিকতা অর্জনের কোন পদ্ধতিতে?**
K অনুমোদন সূত্র L জন্মস্থান নীতি M জন্মনীতি N শিক্ষানীতি

**১২. কোন দেশ নাগরিকতার ক্ষেত্রে জন্মস্থান নীতি অনুসরণ করে?**
K ফ্রান্স L আমেরিকা M রাশিয়া N ইন্দোনেশিয়া

**১৩. কীসের ওপর আধুনিক গণতান্ত্রিক রাষ্ট্রের সফলতা নির্ভর করে?**
K মূলধনের ওপর L সুনাগরিকের বুদ্ধির ওপর
M জনগণের ওপর N নেতৃবৃন্দের ওপর

**১৪. সুনাগরিকদের অন্যতম গুণ কোনটি?**
K বুদ্ধি L বিবেক M আত্মসংযম N উচ্চ শিক্ষা

**১৫. দ্বৈত নাগরিকতা সমাধান হয়, যখন সন্তান–**
i. পূর্ণ বয়স্ক হয় ii. অন্য রাষ্ট্রের নাগরিক হয় iii. সন্তান শিক্ষিত হয়
**নিচের কোনটি সঠিক?**
K i L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৬. দীর্ঘদিনের চিরাচরিত প্রথা হচ্ছে–**
K রাষ্ট্র গঠনের উপাদান L আইনের উৎস
M সমাজ প্রতিষ্ঠার উপাদান N সরকার গঠনের উপাদান

**১৭. স্বাধীনতার রূপ কয়টি?**
K ৩ L ৪ M ৫ N ৬

**১৮. "যেখানে আইন থাকে না, সেখানে স্বাধীনতা থাকতে পারে না"– উক্তিটি কার?**
K লাস্কির L হবসের M জন লকের N রুশোর

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৯ ও ২০ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
'ক' ধার্মিক ও সৎ মানুষ। ধর্মীয় চেতনা দ্বারা অনুপ্রাণিত হয়ে তিনি মনে মনে স্থির করেছেন কর্মজীবনে ঘুস গ্রহণ ও দুর্নীতি করবেন না।

**১৯. 'ক' এর ঘুস গ্রহণ না করে চাকরি করার সিদ্ধান্তটি কোন স্বাধীনতার অন্তর্ভুক্ত?**
K সামাজিক L ব্যক্তি M রাজনৈতিক N জাতীয়

**২০. উদ্দীপক অনুযায়ী 'ক' উপভোগ করছেন–**
i. রাজনৈতিক স্বাধীনতা ii. ব্যক্তি স্বাধীনতা iii. সামাজিক স্বাধীনতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২১. আধুনিককালে আইনের প্রধান উৎস কোনটি?**
K বিচারকের রায় L আইনসভা
M আইনবিদদের গ্রন্থ N ধর্ম

**২২. আইনের মৌলিক বৈশিষ্ট্য হলো–**
i. আইন কর্তৃপক্ষের অনুকূলে তৈরি হয়
ii. আইন সকলের ক্ষেত্রে সমান
iii. আইন রাষ্ট্র কর্তৃক অনুমোদিত হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৩. রাষ্ট্রপতি হওয়ার জন্য সর্বনিম্ন বয়স কত?**
K ২৫ L ৩৫ M ৪০ N ৪৫

**২৪. সংসদের অনুমতি ব্যতীত একনাগাড়ে কতদিন অনুপস্থিত থাকলে সদস্যপদ বাতিল হয়ে যায়?**
K ৬০ দিন L ২ মাস M ৯০ দিন N ৩ মাস

**২৫. কত সালে 'ম্যাগনাকার্টা' সনদ প্রণয়ন করা হয়?**
K ১১১২ L ১২১১ M ১২১৩ N ১২১৫

**২৬. "যে আইনে মানুষের কল্যাণ নাই তা উত্তম হতে পারে না"– উক্তিটি কার?**
K অ্যারিস্টটলের L উইলোবির M রুশোর N জন লকের

**২৭. চীনের সংবিধান তৈরি হয়েছে কোন পদ্ধতিতে?**
K আলাপ-আলোচনার মাধ্যমে L ক্রম বিবর্তনের মাধ্যমে
M বিপ্লবের দ্বারা N অনুমোদনের মাধ্যমে

**২৮. কত সালের মধ্যে বাংলাদেশ থেকে নিরক্ষরতা দূর করার রাজনৈতিক সিদ্ধান্ত গ্রহণ করা হয়?**
K ২০১৪ L ২০২১ M ২০৩০ N ২০৪১

**২৯. সংবিধানের কত নং সংশোধনীতে পাহাড়ি জনগোষ্ঠীকে স্বতন্ত্র পরিচয় প্রদান করা হয়?**
K একাদশ L দ্বাদশ M ত্রয়োদশ N পঞ্চদশ

**৩০. নারীদের কর্মসংস্থান ও পেশার ক্ষেত্রে বৈষম্য বিলোপ সনদ কত সালে জাতিসংঘের সাধারণ পরিষদে গৃহীত হয়?**
K ১৯৭৭ L ১৯৭৮ M ১৯৭৯ N ১৯৮০

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (সেট খ)

**পৌরনীতি ও নাগরিকতা** (সৃজনশীল প্রশ্ন) বিষয় কোড | 1 | 4 | 0 |

সময়- ২ ঘণ্টা ৩০ মিনিট মান- ৭০

[**বি.দ্র. :** ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. রফিক ও শফিক দুই বন্ধু রাষ্ট্রের উৎপত্তি নিয়ে মতামত প্রকাশ করছিল। রফিক বলল, রাষ্ট্র বিধাতার সৃষ্টি। শফিক এটি মানতে রাজি নয়। সে মনে করে, মানুষ তার কল্যাণের জন্য একতাবদ্ধ হয়ে রাষ্ট্র সৃষ্টি করেছে।

ক. সমাজ কাকে বলে? ১

খ. সার্বভৌম ক্ষমতা কী? ব্যাখ্যা করো। ২

গ. রফিকের কথায় রাষ্ট্র সৃষ্টির কোন মতবাদ প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. রফিক ও শফিকের মতবাদের মধ্যে কোনটি তোমার কাছে গ্রহণযোগ্য? বিশ্লেষণ করো। ৪

২. রিফাত ও সিফাত দুই বন্ধু। রিফাত যুক্তরাষ্ট্রে লেখাপড়া শেষ করে সেই দেশের নাগরিক জেমিকে বিয়ে করেন। তিনি সে দেশের ভাষা লিখে এবং নিয়মিত কর প্রদান করেন। অন্যদিকে সিফাত মেরিনাকে বিয়ে করে যুক্তরাষ্ট্রে যান। সেখানে যেয়ে তাদের একটি পুত্রসন্তান জিহাদের জন্ম হয়। শিক্ষা শেষ করে সিফাত ও মেরিনা দম্পতি যুক্তরাষ্ট্রে বসবাস করছেন এবং নাগরিকতা লাভের চেষ্টা করছেন।

ক. তথ্য বলতে কী বোঝায়? ১

খ. অধিকার ও কর্তব্য একে অপরের পরিপূরক— ব্যাখ্যা করো। ২

গ. রিফাত কীভাবে যুক্তরাষ্ট্রে নাগরিকতা লাভ করবে? ব্যাখ্যা করো। ৩

ঘ. সিফাত ও জিহাদের নাগরিকত্ব লাভের পদ্ধতি কি একই? তোমার উত্তরের সপক্ষে মতামত দাও। ৪

৩. সুকেশ বাবু একজন বিচারক। একবার একটা মামলা নিয়ে তিনি সমস্যায় পড়েন। নির্দিষ্ট কোনো আইন খুঁজে না পেয়ে নিজের বুদ্ধি খাটিয়ে বিচারকার্য সম্পন্ন করেন। অপরদিকে মিরাজ মেসে থেকে পড়ালেখা করে। প্রতিদিন রাতে জোরে সাউন্ড দিয়ে মোবাইলে গান শোনে। তার বন্ধুরা শব্দ কমাতে বললে, সে বলে এটা আমার ইচ্ছা। তার এক বন্ধু বলল, অন্যের ক্ষতি করে নিজের অধিকার ভোগ করার নাম স্বাধীনতা নয়।

ক. আইনের শাসনের মূলকথা কী? ১

খ. আন্তর্জাতিক আইন কী? ব্যাখ্যা করো। ২

গ. সুকেশবাবু আইনের কোন উৎসটি অনুসরণ করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মিরাজের বন্ধুর বক্তব্যের সাথে একমত? তোমার মতামত বিশ্লেষণ করো। ৪

৪.

| ক | খ |
|---|---|
| সম্পত্তিতে ব্যক্তিমালিকানা স্বীকৃত | সম্পত্তিতে ব্যক্তিমালিকানা নেই |
| অবাধ প্রতিযোগিতা রয়েছে | প্রতিযোগিতার সুযোগ নেই |
| প্রচার মাধ্যমে মত প্রকাশের সুযোগ আছে | প্রচার মাধ্যমে মত প্রকাশের সুযোগ নেই |

ক. কল্যাণমূলক রাষ্ট্র কাকে বলে? ১

খ. নিরঙ্কুশ রাজতন্ত্র কী? ব্যাখ্যা করো। ২

গ. 'খ'-এ কোন ধরনের রাষ্ট্রব্যবস্থার বৈশিষ্ট্য ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'ক' যে ধরনের রাষ্ট্রব্যবস্থাকে ইঙ্গিত করে তা বিশ্বের অধিকাংশ দেশে প্রচলিত— উক্তিটির যথার্থতা নিরূপণ করো। ৪

৫. একই ভাষা, সংস্কৃতি এবং ধর্মীয় নিরপেক্ষতার ভিত্তিতে 'ক' রাষ্ট্রের সংবিধান রচিত হয়েছে। এই সংবিধানে রাষ্ট্রের সকল কাজে জনগণের অংশগ্রহণের সুযোগ রয়েছে। উক্ত রাষ্ট্রের আইনসভায় কোনো বিল পাসের দরকার হলে মোট সংসদ সদস্যের দুই-তৃতীয়াংশ সদস্যের সম্মতির প্রয়োজন হয়। না হলে বিলটি বাতিল হয়ে যায়।

ক. সংবিধান কাকে বলে? ১

খ. সংবিধানকে রাষ্ট্রের চালিকাশক্তি বলা হয়— ব্যাখ্যা করো। ২

গ. সংশোধনের ভিত্তিতে 'ক' রাষ্ট্রের সংবিধান কোন শ্রেণির? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'ক' রাষ্ট্রের সংবিধানে বাংলাদেশের সংবিধানের বৈশিষ্ট্যের প্রতিফলন লক্ষ করা যায়— বিশ্লেষণ করো। ৪

৬. জনাব ফায়াজ আহমেদ মাঠ প্রশাসনের দ্বিতীয় পর্যায়ের প্রধান কর্মকর্তা। তিনি ভূমি উন্নয়নসহ ভূমিসংক্রান্ত যাবতীয় কাজ করে থাকেন। তার নেতৃত্বে ভূমির খাজনা আদায় করা হয়। কর্মকাণ্ডের ব্যাপকতার জন্য তাকে তার প্রশাসনের মূলস্তম্ভ বলা হয়।

ক. অভিশংসন কী? ১

খ. প্রশাসনকে রাষ্ট্রের হৃৎপিণ্ড বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত কাজটি জনাব ফায়াজ আহমেদের কোন ধরনের কাজ? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত কাজটি ছাড়াও জনাব ফায়াজ আহমেদ আরো অনেক গুরুত্বপূর্ণ কাজ করেন— উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৭. রসুলপুর বাজার কমিটি নির্বাচন উপলক্ষ্যে 'X' সাহেবকে প্রধান করে চার সদস্যের একটি কমিটি গঠন করে। এই কমিটি নির্বাচন অনুষ্ঠানের জন্য যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করেন।

ক. রাজনৈতিক দল কাকে বলে? ১

খ. "এক ব্যক্তি, এক ভোট"– ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের 'X' সাহেবের নেতৃত্বাধীন কমিটি সরকারের কোন প্রতিষ্ঠানকে ইঙ্গিত করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. "গণতান্ত্রিক রাষ্ট্রে সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানে উক্ত প্রতিষ্ঠানের বিকল্প নেই"– উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৮. সাজিদ মিয়া গ্রামের একজন নির্বাচিত জনপ্রতিনিধি। অল্প শিক্ষিত হলেও তিনি অনেক সম্পদের মালিক। তিনি এলাকার প্রাথমিক চিকিৎসা, জন্ম-মৃত্যু রেজিস্টার এবং ছোটোখাটো বিবাদ মীমাংসা করেন।

ক. স্থানীয় সরকার কাকে বলে? ১

খ. নারীর ক্ষমতায়ন বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. সাজিদ মিয়া স্থানীয় সরকারব্যবস্থায় কোন প্রতিষ্ঠানের প্রতিনিধি? তার গঠন ব্যাখ্যা করো। ৩

ঘ. সাজিদ মিয়া যে প্রতিষ্ঠানের প্রতিনিধি তার কার্যাবলি ব্যাখ্যা করো। ৪

৯. হালিম মিয়ার পাঁচ কন্যা থাকা সত্ত্বেও পুত্রসন্তানের আশায় সে আবার বিয়ে করে। সেখানে আরো তিন কন্যার জন্ম হয়। অপরদিকে মালিহা কলেজে পড়ালেখার পাশাপশি তার পাড়ার নিরক্ষর মহিলাদের শিক্ষাদানের ব্যবস্থা করে। অন্যদিকে আমজাদ সাহেব একটি বেসরকারি সংস্থায় চাকরি করেন। দরিদ্র ও অসহায় পরিবারের সন্তানদের মধ্যে তিনি শিক্ষা উপকরণ ও বৃত্তি প্রদান করে থাকেন।

ক. জনসংখ্যার পুনর্বণ্টন বলতে কী বোঝ? ১

খ. পুষ্টিজ্ঞানের অভাব খাদ্য নিরাপত্তাহীনতার অন্যতম কারণ– ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের হালিম মিয়ার আচরণে জনসংখ্যা বৃদ্ধির কোন কারণটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. মালিহা ও আমজাদ সাহেবের কাজের ক্ষেত্র এক ও অভিন্ন – বিশ্লেষণ করো। ৪

১০. * ৭ই মার্চ –?

* ২৫শে মার্চ– অপারেশন সার্চলাইট

* ২৬শে মার্চ– প্রথম প্রহরে স্বাধীনতা ঘোষণা

ক. লাহোর প্রস্তাব কী? ১

খ. ভাষা আন্দোলনে জাতীয়তাবোধের উন্মেষ ঘটে– ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে '?' চিহ্নিত বিষয়টি কোনটি নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. ২৫শে মার্চ ও ২৬শে মার্চ-এর ঘটনা আলোচনা করো। ৪

১১. জনাব বশির উদ্দিন বাংলাদেশ সশস্ত্র বাহিনীর একজন কর্মকর্তা। তিনি জাতিসংঘের একটি গুরুত্বপূর্ণ শাখার অধীনে দক্ষিণ সুদানে শান্তিরক্ষা কাজে নিয়োজিত। তিনি সেখানকার বিবদমান দলগুলোর মধ্যে আলাপ-আলোচনার মাধ্যমে দীর্ঘদিনের সংঘর্ষ বন্ধ করতে সক্ষম হন।

ক. ওআইসি-এর পূর্ণরূপ কী? ১

খ. জাতিসংঘ প্রতিষ্ঠার কারণ ব্যাখ্যা করো। ২

গ. জনাব বশির উদ্দিন জাতিসংঘের যে শাখার অধীনে কর্মরত তার কার্যাবলি ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সংস্থাটির সাথে বাংলাদেশের সম্পর্ক বিশ্লেষণ করো। ৪

# উত্তরমালা

### ■ মডেল টেস্ট-১ : বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ পাবলিক কলেজ, ঢাকা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | L | ২ | L | ৩ | L | ৪ | L | ৫ | K | ৬ | K | ৭ | L | ৮ | K | ৯ | N | ১০ | N | ১১ | M | ১২ | N | ১৩ | N | ১৪ | L | ১৫ | K |
| | ১৬ | M | ১৭ | M | ১৮ | N | ১৯ | K | ২০ | N | ২১ | M | ২২ | N | ২৩ | K | ২৪ | N | ২৫ | L | ২৬ | N | ২৭ | K | ২৮ | L | ২৯ | K | ৩০ | N |

### ■ মডেল টেস্ট-২ : সফিউদ্দিন সরকার একাডেমি এন্ড কলেজ, গাজীপুর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | K | ২ | M | ৩ | K | ৪ | L | ৫ | M | ৬ | N | ৭ | K | ৮ | N | ৯ | M | ১০ | M | ১১ | N | ১২ | M | ১৩ | N | ১৪ | N | ১৫ | K |
| | ১৬ | M | ১৭ | K | ১৮ | L | ১৯ | M | ২০ | N | ২১ | K | ২২ | L | ২৩ | K | ২৪ | K | ২৫ | M | ২৬ | K | ২৭ | K | ২৮ | N | ২৯ | N | ৩০ | L |

### ■ মডেল টেস্ট-৩ : রাজশাহী বিশ্ববিদ্যালয় স্কুল

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | N | ২ | K | ৩ | N | ৪ | M | ৫ | K | ৬ | L | ৭ | L | ৮ | N | ৯ | N | ১০ | L | ১১ | N | ১২ | M | ১৩ | K | ১৪ | K | ১৫ | K |
| | ১৬ | N | ১৭ | L | ১৮ | M | ১৯ | M | ২০ | L | ২১ | K | ২২ | K | ২৩ | L | ২৪ | M | ২৫ | N | ২৬ | L | ২৭ | L | ২৮ | K | ২৯ | N | ৩০ | L |

### ■ মডেল টেস্ট-৪ : সাবেরা সোবহান সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ব্রাহ্মণবাড়িয়া

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | K | ২ | N | ৩ | L | ৪ | K | ৫ | L | ৬ | N | ৭ | L | ৮ | N | ৯ | N | ১০ | L | ১১ | N | ১২ | N | ১৩ | L | ১৪ | N | ১৫ | L |
| | ১৬ | L | ১৭ | L | ১৮ | K | ১৯ | K | ২০ | L | ২১ | M | ২২ | K | ২৩ | M | ২৪ | M | ২৫ | L | ২৬ | K | ২৭ | K | ২৮ | M | ২৯ | K | ৩০ | N |

### ■ মডেল টেস্ট-৫ : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরি স্কুল ও কলেজ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | M | ২ | M | ৩ | K | ৪ | L | ৫ | N | ৬ | M | ৭ | L | ৮ | N | ৯ | K | ১০ | L | ১১ | K | ১২ | N | ১৩ | N | ১৪ | M | ১৫ | M |
| | ১৬ | K | ১৭ | L | ১৮ | M | ১৯ | N | ২০ | L | ২১ | N | ২২ | N | ২৩ | L | ২৪ | M | ২৫ | N | ২৬ | K | ২৭ | N | ২৮ | L | ২৯ | M | ৩০ | M |

### ■ মডেল টেস্ট-৬ : বরগুনা জিলা স্কুল

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | M | ২ | K | ৩ | K | ৪ | K | ৫ | L | ৬ | L | ৭ | N | ৮ | K | ৯ | N | ১০ | M | ১১ | L | ১২ | L | ১৩ | L | ১৪ | K | ১৫ | K |
| | ১৬ | L | ১৭ | M | ১৮ | M | ১৯ | L | ২০ | M | ২১ | L | ২২ | M | ২৩ | L | ২৪ | M | ২৫ | N | ২৬ | M | ২৭ | M | ২৮ | K | ২৯ | N | ৩০ | M |